শ্রীমৎ গঙ্গাধরেন্দ্র সরস্বতী বিরচিত

স্বারাজ্যসিদ্ধিঃ

মূল গ্রন্থের শ্লোকাবলী, কাশীধামের শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী কৃত
সংস্কৃত টীকা, প্রাঞ্জল শ্লোকার্থ ও শতাধিক টিপ্পণী সম্বলিত।

পরিব্রাজক
শ্রীমৎ স্বামী জগদীশ্বরানন্দ সংকলিত

শ্রীরামকৃষ্ণ ধর্মচক্র
বেলুড়

প্রকাশক ঃ
ব্রহ্মচারী দুর্গাচৈতন্য
শ্রীরামকৃষ্ণ ধর্ম্মচক্র
২১১এ, গিরিশ ঘোষ রোড, বেলুড়
পোঃ—বেলুড়মঠ, জেলা—হাওড়া

প্রথম প্রকাশ—১৩৬৮ সাল

কলিকাতায় প্রাপ্তিস্থান :

১। **মহেশ লাইব্রেরী**
২/১ শ্যামাচরণ দে ষ্ট্রীট
কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

২। **সংস্কৃত পুস্তক ভাণ্ডার**
৩৮ বিধান সরণী
কলিকাতা-৭০০০০৬

মুদ্রাকর ঃ
শ্রীগোবিন্দলাল চৌধুরী
ভগবতী প্রেস
১৪/১, ছিদাম মুদি লেন
কলিকাতা-৭০০০০৬

প্রস্তাবনা

বিংশাধিক বৎসর-পূর্বে বেলুড় রামকৃষ্ণ মঠে অবস্থান কালে শ্রীমৎগঙ্গাধরেন্দ্র সরস্বতী বিরচিত 'স্বারাজ্যসিদ্ধি' গ্রন্থের অধ্যয়নে ও অনুবাদে প্রবৃত্ত হই। অনিবার্য্য বিপর্য্যয় অতর্কিত ভাবে আসিয়া পড়ায় তাহা এতকাল বন্ধ ছিল। পুনরায় এই শুভকর্ম সমাপন করিয়া কৃতার্থ হইলাম। এই গ্রন্থ অদ্বৈতসিদ্ধিঃ, ব্রহ্মসিদ্ধিঃ, ইষ্টসিদ্ধিঃ ও নৈষ্কর্ম্যসিদ্ধিঃ প্রভৃতি প্রসিদ্ধ সিদ্ধি গ্রন্থ চতুষ্টয়ের সহিত পরিগণিত হইবার যোগ্য। 'স্বারাজ্যসিদ্ধিঃ' অদ্বৈত বেদান্তের একখানি উৎকৃষ্ট প্রকরণ গ্রন্থ এবং 'পঞ্চদশী,' 'বেদান্তসার' ও বেদান্ত পরিভাষা প্রভৃতি গ্রন্থের সমকক্ষ। রচনাভঙ্গী, বিষয়-বিন্যাস, বিচার-গাম্ভীর্য্য ও চিন্তার প্রগাঢ়তায় ইহা পণ্ডিতগণের উপভোগ্য। ইহার ভাষার মাধুর্য্য ও কবিত্ব কাব্য অতুলনীয়। ১৯৫৩ সম্বতে কাশীধাম হইতে শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী বিরচিত কৈবল্য কল্পদ্রুম নাম্নী এক প্রাঞ্জল টীকাসহ উহার একটি বিশুদ্ধ সংস্করণ প্রকাশিত হয়। ১৯১৭ খ্রীষ্টাব্দে মাদ্রাজ হইতে প্রকাশিত সংস্করণ শ্রীমৎগঙ্গাধরেন্দ্র কৃত কৈবল্য কল্পদ্রুমাখ্য টীকা এবং কয়ঙ্গুল শ্রীকৃষ্ণ শাস্ত্রী বিরচিত পরিমলাখ্য টিপ্পণি সম্বলিত। 'স্বারাজ্য সিদ্ধিঃ' গ্রন্থের কৈবল্য প্রকরণে ৪৬ শ্লোকে আছে, কৈবল্য কল্পতরু মূলমুপাশ্রিতানাং স্বারাজ্যসিদ্ধিরিয়মস্তু মুদে বুধানাম্। উক্ত শ্লোকের ব্যাখ্যান প্রসঙ্গে গ্রন্থকার মন্তব্য করেন, 'গ্রন্থপক্ষে কৈবল্য কল্পতরু সঞ্জক সব্যাখ্যান গ্রন্থস্য মূলং ব্যাখ্যেয় গ্রন্থং ইত্যপি অর্থঃবোধঃ।' 'বিশ্বকোষ' অভিধানে গ খণ্ডে শ্রীমৎ গঙ্গাধরেন্দ্র সরস্বতীর নিম্নলিখিত সংক্ষিপ্ত পরিচয় প্রদত্ত। "গঙ্গাধর যতি একজন বিখ্যাত বৈদান্তিক। ইনি রামচন্দ্র সরস্বতীর শিষ্য ও সর্বজ্ঞ সরস্বতীর প্রশিষ্য এবং 'যোগবাশিষ্ট তাৎপর্য্য প্রকাশ' রচয়িতা আনন্দ বোধেন্দ্র সরস্বতীর গুরু। ইনি গঙ্গাধর ভিক্ষু, গঙ্গাধর সরস্বতী অথবা গঙ্গাধরেন্দ্র যতি নামেও আত্মপরিচয় দিয়াছেন। ইনি অনেক সংস্কৃত গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে এই কয়খানি গ্রন্থ পাওয়া যায়—চন্দ্রিকোদ্ধার নামে বেদান্ত সিদ্ধান্ত, চন্দ্রিকার টীকা প্রণবকল্প প্রকাশ, বেদান্ত সিদ্ধান্ত মঞ্জরী ও

প্রকাশ নামে উহার টীকা, সাম্রাজ্য সিদ্ধি ও মোক্ষনামে উহার টীকা, সিদ্ধান্ত সংগ্রহ ও উহার টীকা এবং স্বারাজ্যসিদ্ধি ও কৈবল্য কল্পদ্রুম নামে উহার টীকা। শেষোক্ত গ্রন্থখানি ১৩২৭ খ্রীষ্টাব্দে রচিত হয়।"

গঙ্গাধরেন্দ্র ও ভাস্করানন্দ কৃত টীকাদ্বয়ের নাম কৈবল্য কল্পদ্রুম হইলেও গঙ্গাধরেন্দ্রের টীকা ভাস্করানন্দের টীকা অপেক্ষা বৃহত্তর ও অধিকতর বিচার পূর্ণ। গঙ্গাধরেন্দ্র সরস্বতী একজন বিখ্যাত বৈদান্তিক গ্রন্থকার ছিলেন। গ্রন্থশেষে আত্ম পরিচয় প্রদানার্থ তিনি মন্তব্য করেন, 'বহ্বব্ধি মুঙ্গ বনিমান শকে।' অর্থাৎ ১৭৪৮ শকাব্দে তিনি এই গ্রন্থ রচনা সমাপ্ত করিয়াছেন। 'স্বারাজ্য সিদ্ধি'র শ্লোকাবলী ভাষার লালিত্যে ও ভাবের গাম্ভীর্য্যে অনুপম। এই গ্রন্থ অধ্যারোপ প্রকরণ, অপবাদ প্রকরণ ও কৈবল্য প্রকরণ—এই তিন অধ্যায়ে বিভক্ত। উল্লিখিত প্রকরণত্রয়ে যথাক্রমে ৫৪, ৬২ এবং ৪৭ শ্লোক আছে। সুতরাং ইহা মোট ১৬৭ শ্লোকে সম্পূর্ণ। এই গ্রন্থোক্ত অনুবাদ যথা সম্ভব আক্ষরিক ও টীকাদ্বয় অবলম্বনে বিরচিত। কোথাও কোথাও সংস্কৃত টিপ্পণির সাহায্যও গৃহীত। বেদান্ত-সিদ্ধান্ত বুদ্ধিগত করার জন্য প্রকরণ গ্রন্থ অধ্যয়ন অবশ্য কর্ত্তব্য। এই হেতু 'স্বারাজ্য সিদ্ধিঃ' তুল্য উচ্চ শ্রেণীর প্রকরণ গ্রন্থের অনুবাদ বঙ্গদেশে অতিশয় প্রয়োজন। বঙ্গভূমি নব্য-বেদান্তের অভিনব পীঠস্থান। আশা করি, পঞ্চদশী ও বেদান্তসার সদৃশ স্বারাজ্য সিদ্ধিঃ বঙ্গদেশে প্রচলিত হইবে। অনুবাদ ও টিপ্পণিসহ ইহা পাঠ করিলে অর্থবোধ নিশ্চয়ই সম্ভব।

সন ১৩৭০ সালে মদনূদিত শ্রীমদ্ভগবদ্ গীতার তৃতীয় ষট্‌কে 'স্বারাজ্য সিদ্ধি'র প্রথম প্রকরণের সানুবাদ শ্লোকত্রয় প্রকাশিত হয়। তৎপূর্বে ভবানীপুরের 'শিবম্' মাসিকে ১৩৪৪ সালে বৈশাখ সংখ্যায় এবং হালিসহরের 'আর্য্য দর্পন' পত্রিকায় ১৩৬৮ সালে বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় সংখ্যাত্রয়ে প্রথম প্রকরণের ২৪ শ্লোকের সংস্কৃত অনুবাদ বাহির হয়। আচার্য্য সুরেশ্বর রচিত স্বারাজ্য সিদ্ধি নামক একটি প্রাচীন গ্রন্থ দৃষ্ট হয়। উহা

অনুষ্টুপ্‌ ছন্দে ও প্রাঞ্জল সংস্কৃতে রচিত। নানা গ্রন্থে উহার অনেক উদ্ধৃতি পাঠে ইহা জানা যায়। প্রাচীন ও নবীন 'স্বারাজ্য সিদ্ধি' গ্রন্থদ্বয়ের রচনা কালের ব্যবধান বহুশত বৎসর। সুতরাং উহাদের ভাষা ও ভাব নিশ্চয়ই পৃথক হইবে। অবশ্য গঙ্গাধরেন্দ্র সুরেশ্বরাচার্য্য কৃত গ্রন্থের কোন উল্লেখ করেন নাই। কাশীধামের ভাস্করানন্দ সরস্বতী কৃত এই টীকা অতি সরল ও সুবোধ্য এবং পূর্ববর্ত্তী টীকার সারমর্ম সম্বলিত। এলাহাবাদের চৌধুরী মহাদেব প্রসাদের অনুরোধে শ্রীমৎ ভাস্করানন্দ এই সরল সংস্কৃত টীকা রচনা করেন। এই টীকার প্রথম সংস্করণ মহাদেব প্রসাদজীর অর্থ ব্যয়ে মুদ্রিত এবং সংস্কৃতজ্ঞ ব্যক্তিগণের মধ্যে বিনামূল্যে বিতরিত হয়। চব্বিশ পরগণা জেলার আগর:পাড়া নিবাসী শ্রীঅম্বিকাচরণ বন্দোপাধ্যায় কর্তৃক ইহার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। আশ্চর্য্যের বিষয়, শ্রীমৎ ভাস্করানন্দ কৃত টীকাসহ মূল গ্রন্থ এবং ইহার বাংলা অনুবাদ বঙ্গদেশেই প্রকাশিত হইল। টীকাকার ভাস্করানন্দের সচিত্র জীবনী প্রারম্ভে প্রদত্ত। শ্রীমৎ ভাস্করানন্দ কৃত অন্য কোন গ্রন্থ পাওয়া যায় না। গ্রন্থকার ও টীকাকার উভয়ে দশনামী সম্প্রদায়ের বেদান্তী সন্ন্যাসী ও অদ্বৈত সিদ্ধান্তে অটল বিশ্বাসী।

শ্রীরামপুরের পণ্ডিত শ্রীউপেন্দ্র নাথ সেন শাস্ত্রী বহুশ্রমেএই গ্রন্থের শ্লোকার্থ, টিপ্পণি ও ভূমিকা লিখিয়াছিলেন। এই সমস্ত অবলম্বনে বর্তমান পুস্তক বহু যত্নে সংশোধিত ও সঙ্কলিত। শ্লোকার্থের নিম্নে টিপ্পণি সংখ্যা প্রদত্ত এবং গ্রন্থ শেষে টিপ্পণি সংগ্রহ একত্রে প্রকাশিত। এই গ্রন্থ বঙ্গদেশ সুধী সমাজে সমাদৃত হইলে আমার সর্বশ্রম সার্থক হইবে।

রাজবল হাট নিবাসী শ্রীপ্রহ্লাদচন্দ্র শীল একশত টাকা এবং তৎপত্নী শ্রীমতী প্রতিভা শীল একশত টাকা এই গ্রন্থ মুদ্রনার্থে দান করিয়াছেন।

অলমিতি।

পরিব্রাজক

স্বামী জগদীশ্বরানন্দ

সূচীপত্র

গ্রন্থমর্ম

শ্লোকার্দ্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থকোটিভিঃ।

ব্রহ্ম সত্যং জগৎ মিথ্যা জীবো ব্রহ্মৈব না পরঃ॥

যাহা কোটীগ্রন্থে উক্ত আছে, তাহা অর্দ্ধশ্লোকে বলিব। ব্রহ্মসত্য, জগৎ মিথ্যা এবং জীব ব্রহ্মই, অন্য কিছু নহে।

পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।

পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥

ঐ ব্রহ্ম পূর্ণ। এই জগৎ পূর্ণ। পূর্ণ ব্রহ্ম হইতে পূর্ণ জগৎ উদ্গত। পূর্ণ ব্রহ্ম হইতে পূর্ণ জগৎ সৃষ্টি হইলেও পূর্ণ ব্রহ্মই অবশিষ্ট থাকেন। জগৎ সৃষ্টির দ্বারা ব্রহ্মের হ্রাস বা বৃদ্ধি হয় না। ইহার কারণ, জগৎ স্বপ্নবৎ মিথ্যা। যেমন মরুভূমে জলভ্রম হয়, রজ্জুতে সর্পভ্রম হয়, শুক্তিতে রজত ভ্রম হয় এবং আকাশে নীলিমা ভ্রম হয়, তদ্রূপ মায়াবলে ব্রহ্মে জগৎ ভ্রম হয়। ব্রহ্মজ্ঞান হইলে এই জগৎ লয় হয়।

স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ

ব্রহ্মৈব ভবতি নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি।

তরতি শোকং তরতি পাপ্‌মানং

গুহাগ্রন্থিভ্যো বিমুক্তোঽমৃতো ভবতি॥

সেই পরব্রহ্ম যিনি বিজ্ঞাত হন তিনি ব্রহ্মই হন, ব্রহ্ম স্বরূপ প্রাপ্ত হন। তাঁহার কুলে কোন অব্রহ্মবিদ জাত হন না। তিনি শোক সাগর উত্তীর্ণ হন। তিনি পাপমুক্ত হন। এবং গুহাগ্রন্থি হইতে বিমুক্ত হইয়া অমৃত সম্ভোগ করেন।

যত্র নান্যৎ পশ্যতি, নান্যৎ শৃনোতি, নান্যৎ বিজানাতি স ভূমাঃ,

তৎ সুখং নাল্পে সুখমস্তি। ভূমৈব সুখং।

যথায় ব্রহ্ম ব্যতীত অন্য কিছু দৃষ্ট বা শ্রুত হয় না, বা বিজ্ঞাত হয় না, তাহাই ভূমা, তাহাই ব্রহ্ম। ব্রহ্মই সুখস্বরূপ, অল্পে বা অব্রহ্মে সুখ নাই।

যং লব্ধা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে॥

যাহা লাভ করিলে অন্য লাভ অধিক মনে হয় না এবং যাহাতে স্থিত হইলে গুরু দুঃখেও মানুষ বিচলিত হয় না বা মৃত্যু ভয়েও ভীত হয় না সেই ব্রহ্ম লাভ অপেক্ষা অধিক লাভ নাই। ব্রহ্মলাভ হইলে মানুষ দুঃখত্রয়ের অতীত হন, গুণাতীত হন এবং অতীন্দ্রিয় আত্যন্তিক পরমানন্দ সম্ভোগ করেন। ব্রহ্মবিৎ আনন্দী হন।

শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ আ যে ধামানি দিব্যানি তস্থুঃ।
বেদাহমেতং পুরুষং মহান্তম্ আদিত্য বর্ণং তমসঃ পরস্তাৎ॥
তমেব বিদিত্বাঽতি মৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়॥

হে বিশ্ববাসী অমৃতের পুত্রগণ এবং দিব্যধামবাসী দেবগণ, আমার বাক্য শ্রবণ কর। আমি সেই অজ্ঞান তিমিরাতীত আদিত্য বর্ণ ব্রহ্মপুরুষকে জানিয়াছি। তাঁহাকে বিদিত হইলে জন্ম মরণাদি চিরতরে অতিক্রান্ত হয়। ইহা ব্যতীত পরমার্থ লাভের অন্য পন্থা নাই।

২

ভক্ত কবি ভর্তৃহরি বলিয়াছেন, "যখন আমি অতি অল্প কিছু জানিতাম, তখন মোহবশে নিজেকে সর্বজ্ঞ ভাবিতাম। পশ্চাৎ পণ্ডিতগণের নিকট কিছু তত্ত্ব শুনিয়া বুঝিয়াছি, আমি অতিশয় মূর্খ তখন ঘামদিয়া আমার মোহ জ্বর ছাড়িয়া গেল।" "চৈতন্য চরিতামৃত" গ্রন্থোক্ত দিগ্বিজয়ী পণ্ডিত কাব্য ও ব্যাকরণকে শিশু শাস্ত্র বলিয়াছেন। সেই শিশু শাস্ত্রেরই যখন কিছু জানি না, তখন সর্ব শাস্ত্র শিরোমনি বেদান্ত সম্বন্ধে কিছু বলা কঠিন। বেদান্ত গ্রন্থ স্পর্শ করিবার পূর্বেও শুনিতাম, "ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা।" ইহাই বেদান্তের সারকথা। কিঞ্চিৎ পরিচয়ের ফলে বুঝিয়াছি, হ্যাঁ, উহাই সারকথা সত্য, তবে যেমন ভাবে বুঝিয়াছি তেমন ভাবে নহে। এই বিশ্বপ্রপঞ্চও ব্রহ্মই। কেবল মায়া নামে

প্রসিদ্ধা এক মোহিনী শক্তি আমাদের চক্ষে মোহরূপ অঞ্জনের প্রলেপ দিয়াছে বলিয়া আমরা ইহাকে জগৎ রূপে দেখি। মায়ার প্রভাবে ব্রহ্মে জগৎ ভ্রম হইতেছে। সদ্‌গুরু জ্ঞানাঞ্জন শলাকায় অজ্ঞানরূপ এই মোহান্ধকার দূর করিলে 'তৎপদ' বা সেই ব্রহ্মবস্তুর উপলব্ধি হয়। সদ্ গুরুই কি সহজে পাওয়া যায়? "ন মেধয়া ন বহুনা শ্রুতেন"। তীক্ষ বুদ্ধি বলে অথবা বহু শাস্ত্রাধ্যয়নে বা শ্রবণে ব্রহ্ম তত্ত্ব লাভের সম্ভাবনা নাই। কেবল যমেবৈষ বৃণুতে তেনলভ্য। তিনি যাহাকে কৃপা করেন, কেবল সেই তাঁহাকে জানিতে পারে। এই কৃপা, সিদ্ধ গুরুর মাধ্যমে লাভ হয়। "আচার্য্যবান্ পুরূষো বেদ"। আচার্য্যবান পুরুষ বা সদ্ গুরুর কৃপা প্রাপ্ত পুরুষই ব্রহ্ম লাভ করেন। কিন্তু কোথায় সেই আচার্য্য? তীব্র বৈরাগ্যের উদয় না হইলে এবং মুক্তি লাভের জন্য আকুল পিপাসা ও ঐকান্তিক বাসনা না হইলে তাঁহার দর্শন লাভ হয় না। সুকৃতি না থাকিলে বৈরাগ্য বা মুমুক্ষুত্ব কিছুরই উদয় হয় না। অতএব সদাচার, সৎ কর্মানুষ্ঠান, ও সাধু ভাবনার এবং সৎ সঙ্গ-প্রসঙ্গ প্রভৃতির প্রয়োজন আছে।

এই সকল সদ্‌গুণ পরিপাকের ফলেই বৈরাগ্যের উদয় হয় ও মুক্তি লাভের আকাঙ্খা জন্মে। গীতা মুখে শ্রীভগবান বলেন," শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ"। "তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া"। শ্রদ্ধা চাই। শম-দমাদি সাধনের ফলে জিতেন্দ্রিয় হওয়া চাই। শাস্ত্রাধ্যয়নে বিশেষ কিছু হয় না। শ্বেত কেতু গুরু গৃহে নানা শাস্ত্র অধ্যয়ন করিয়া একটু দম্ভ লইয়াই স্বগৃহে ফিরিলেন। পিতা আরুণি পুত্রের মুখ দেখিয়াই বুঝিলেন, এই দম্ভটুকু ছাড়া আর কিছুই তাহার লাভ হয় নাই। পরে তিনি পুত্রকে উপদেশ প্রদান করেন। "নারদ সর্বশাস্ত্র অধ্যয়ন করিয়াও ব্রহ্মবস্তুর সন্ধান না পাইয়া তল্লাভের জন্য ভগবান সনৎ কুমারের পদপ্রান্তে উপনীত হইয়াছিলেন"। হস্তী না দেখা পর্যন্ত হাজার বর্ণনা শুনিয়াও হস্তী সম্বন্ধে কোন জ্ঞান হয় না। হস্তীর চিত্র দেখিয়া কিছু জ্ঞান হইতে পারে, কিন্তু নিরাকার ব্রহ্মের ছবি

আঁকা যায় না। সে বিষয়ে দু চারটে কথাই বলা যায়। উহাতে জিজ্ঞাসুর বিশেষ কিছু লাভের আশা নাই। যাহা অবাঙ্‌ মনসগোচর, তাহা বাক্যে বা মনে প্রকাশ করা যায় না। ভগবান শঙ্করাচার্য্য বেদান্ত ভাষ্যের একাধিক স্থলে বলিয়াছেন, ব্রহ্ম কি, বুঝিতে বা বুঝাইতে গেলে, তিনটির উপস্থিতি প্রয়োজন জ্ঞাতা, জ্ঞেয় ও জ্ঞান। ব্রহ্ম জ্ঞান স্বরূপ, তাহার অন্য কোন জ্ঞাতা নাই বা কাহারও দ্বারা তিনি জ্ঞেয় নহেন। এই অবস্থায় গুরু, শিষ্য, বেদ-বেদান্তাদি মোক্ষ শাস্ত্র সমস্তই নিষ্ফল। কে কাহাকে, কি বলিবে? সকলই তো সেই অদ্বয় ব্রহ্ম মাত্র। তবে যে পর্য্যন্ত সাধকের ব্রহ্ম সাক্ষাৎকার না হয়, সেই পর্য্যন্তই শাস্ত্রের কিঞ্চিৎ প্রয়োজন আছে। "বিবেক চূড়ামণি" গ্রন্থে শঙ্করাচার্য্য আরও স্পষ্ট বাক্যে বলিয়াছেন—

বাগ্‌বৈখরী শব্দঝরী শাস্ত্রব্যাখ্যান কৌশলম্।
বৈদুষ্যং বিদুষাং তদ্‌বদ্‌ ভুক্তয়ে নতু মুক্তয়ে॥
অবিজ্ঞাতে পরে তত্ত্বে শাস্ত্রাধীতিস্তু নিষ্ফলা।
বিজ্ঞাতেঽপি পরে তত্ত্বে শাস্ত্রাধীতিস্তু নিষ্ফলা॥

ভূরি ভূরি বক্তৃতা তো কেবল শব্দের ঝরণা। পণ্ডিতের পাণ্ডিত্য ও শাস্ত্র ব্যাখ্যার নৈপুণ্যও তাহাই। ইহা ভোগের সহায়ক হইতে পারে, মুক্তির উপায় নহে। পরমতত্ত্ব জানিলেও যেমন শাস্ত্রাধ্যয়ন নিষ্ফল, না জানিলেও তেমনি নিষ্ফল।

যাহা হউক, আমাদের ব্রহ্মজ্ঞান তো হয় নাই। সেইহেতু শাস্ত্রের প্রয়োজন হইতে পারে। যদি চিত্তে শ্রদ্ধা থাকে, শ্রবণের পর মনন ও তৎপরে ধ্যান ধারণা দ্বারা অল্প ফললাভ হইতে পারে। সে ফল যতই অল্প হউক, তুচ্ছ নহে। কারণ, "স্বল্পমপ্যস্য ধর্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ।" যাহারা বেদান্ত দর্শনে সুপণ্ডিত আলোচ্য গ্রন্থের অধ্যয়নে তাহাদের যথেষ্ট উপকার হইতে পারে। গ্রন্থকার গঙ্গাধরেন্দ্র অতিসংক্ষেপে বেদান্তের তত্ত্বসমূহ এমনভাবে বলিয়াছেন যে, অধ্যয়নের

সময়ে পদে পদে তত্ত্বরাজী স্মরণে আসিবে। প্রাচীন আচার্য্যগণের উক্তি সমূহ যেমন সরল. তাঁহাদের ভাষা ও তেমনি প্রাঞ্জল। আলোচ্য গ্রন্থে তাহার বিলক্ষণ অভাব দৃষ্ট হয়। সংস্কৃত ভাষায় গুণের ন্যায় দোষেরও অভাব নাই। একটি শব্দের বহু অর্থ হইতে পারে। একটি উক্তিকে নানা অর্থে ব্যাখ্যা করা যায়। ইহার ফলে কোন শাস্ত্রের সর্বজন গ্রাহ্য ব্যাখ্যা সম্ভব হয় না। এক এক আচার্য্যের এক এক মত। 'নাসৌ মর্ণির্যস্য মতং ন ভিন্নং' শ্রুতি বাক্যের ব্যাখ্যাও তদ্রূপ বিভিন্ন হইয়াছে। 'তত্ত্বমসি' মহাবাক্য বৈদান্তিকগণ ভাঙ্গিয়াছেন এই তিন পদে তৎ-ত্বম্-অসি। অর্থাৎ তুমিই তাহাই হও, তুমিই সেই ব্রহ্ম। দ্বৈতবাদী বৈষ্ণবগণ বলেন, 'তস্যত্বম্ অসি' তস্য ত্বম্-সমাসবদ্ধ করিয়া 'তত্ত্বম্' অর্থে তুমি তাঁহারই হও। তুমি ভগবানের ভক্ত, ভগবানের দাস মাত্র। পারিভাষিক শব্দাবলিও সর্বত্র এক অর্থ বহন করে না। 'বৃত্তি' শব্দটি বেদান্ত, ন্যায়, ও যোগদর্শনে এবং অপবাদ শব্দটি বেদান্তে ও ব্যাকরণাদিতে ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত। এই গ্রন্থে যে অনুবাদ প্রকাশিত, তাহা সর্বত্র অভ্রান্ত বলা যায় না এবং আক্ষরিক অনুবাদও হয় নাই। সেরূপ করিলে অনুবাদটি অনুস্বার-বিসর্গ বর্জিত সংস্কৃতই হইত এবং সাধারণ পাঠকের নিকট দুর্বোধ্যই থাকিত।

পণ্ডিতের জন্য এই অনুবাদ নহে। যাহারা বেদান্তের কিছুমাত্র জানেন না এবং সংস্কৃত ভাষাতেও বিশেষ দখল নাই, এই অনুবাদ তাহাদের জন্য লিখিত। এই হেতু গ্রন্থকার গঙ্গাধরেন্দ্র সরস্বতী স্বীয় গ্রন্থের বিশদ ব্যাখ্যা নিজেই লিখিয়াছেন। তাঁহার ব্যাখ্যা উৎকৃষ্ট ও পাণ্ডিত্যপূর্ণ। সংস্কৃতে জ্ঞান না থাকিলে ও নব্য ন্যায়ের ভাষার সহিত পরিচিত না হইলে এবং ব্রহ্মসূত্র ও উপনিষদাবলী গ্রন্থে সুপণ্ডিত না হইলে উক্ত ব্যাখ্যা সাধারণের পক্ষে দুর্বোধ্য। উক্ত ব্যাখ্যার আলোকে শ্লোকার্থের টিপ্পণি সমূহ লিখিত। টিপ্পণি সমুহ গ্রন্থশেষে প্রদত্ত।

বেদান্তে যে সকল পারিভাষিক শব্দ আছে, তৎ সমুদয় না জানিলে

সাধারণ পাঠকের পক্ষে অর্থবোধে অসুবিধা হইতে পারে বলিয়া নিম্নে তাহার কিছু কিছু দেওয়া হইল।

অধ্যাস—যে বস্তু যাহা নহে, তাহাকে সেইরূপ দেখাই অধ্যাস। 'অতস্মিন্ তদ্বুদ্ধিঃ'। দুইটি বস্তুই পূর্ব পরিচিত। ঝিনুক ও রৌপ্য দুইটিই জানা আছে। হঠাৎ ঝিনুককে রৌপ্য রূপে ভ্রম হওয়ার নাম অধ্যাস। অধ্যাসের মূলে দুই শক্তি ক্রিয়াশীল। যে শক্তিদ্বারা ঝিনুকের স্বরূপ আবৃত হয়, তাহা আবরণ শক্তি ও যে শক্তি দ্বারা ঝিনুক রৌপ্য রূপে প্রতীত হয়, তাহা বিক্ষেপ শক্তি। প্রকৃত বস্তু ঝিনুক অধ্যাসের অধিষ্ঠান, মিথ্যা রৌপ্য উহাতে অধ্যস্ত। প্রকৃত প্রস্তাবে জগতের অস্তিত্ব নাই। মায়ার প্রভাবে ব্রহ্মরূপ অধিষ্ঠানে জগৎ অধ্যস্ত। মায়া বলে ব্রহ্মে জগৎ ভ্রম হয়। ইহাতে লক্ষ করার বিষয়, ঝিনুক ও রৌপ্য পরিচিত দুই বস্তুই আছে কিন্তু এক্ষেত্রে ব্রহ্মই আছেন, জগৎ নাই।

ব্রহ্ম। একমাত্র বস্তু যাহার দ্বিতীয় কিছুই নাই, তাঁহাকে সৎ বা একমাত্র অস্তিত্ববিশিষ্ট বস্তু বলে। চৈতন্য, জ্ঞান, ও আনন্দ এই তিনটি নামে মাত্র ভিন্ন, বস্তুত অভিন্ন। সৎ চিৎ ও আনন্দ কিরূপ, তাহা বাক্যে প্রকাশ করা যায় না অথবা অনির্বচনীয়। ব্রহ্ম নিত্য, পূর্ণ, তাহার হ্রাস বৃদ্ধি নাই, নির্গুণ, অদ্বিতীয় এবং মুক্ত। কুম্ভকার ঘটের নিমিত্ত কারণ এবং মৃত্তিকা উহার উপাদান কারণ। উর্ণনাভী (মাকড়সা) জাল প্রস্তুত করে বলিয়া জালের নিমিত্ত কারণ, আবার ঐ জাল তন্মধ্য হইতে নির্গত হয় বলিয়া জালের উপাদান কারণ। সেইরূপ ব্রহ্ম জগতের নিমিত্ত এবং উপাদান কারণ দুইই। মায়া বলে ব্রহ্ম জগৎরূপে প্রতিভাত হয়, মায়া তিরোহিত হইলে জগৎই ব্রহ্মরূপে প্রতীত হয়। ব্রহ্ম আপ্তকাম, তাহার কোন অভাব বা প্রয়োজন নাই। তথাপি মায়াবলম্বনে তিনি যে জগৎ সৃষ্টি করেন, ইহা তাঁহার লীলা বা ইচ্ছা মাত্র।

মায়া। সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি গুণ লইয়া মায়া গঠিত।

যখন সত্ত্বের আধিক্য, তখন তাহা মায়া এবং সত্ত্বের ন্যূন্যতা হইলে তাহার নাম অবিদ্যা। অজ্ঞান মায়ার নামান্তর মাত্র। মায়া সৎও নহে, অর্থাৎ তাহার অস্তিত্ব আছে, ইহাও বলা যায় না আবার উহা অসৎ বা অস্তিত্বহীন, ইহাও বলা যায় না। ঐন্দ্রজালিক যে ভোজবাজী দেখায়, তাহা মূলে কিছুই নহে। মাটিতে একটি আমের আঁটি পুঁতিয়া অল্পকালের মধ্যে দেখায় যে উহাতে আম ফলিয়াছে। প্রকৃত প্রস্তাবে এই আমগাছের ও ফলের বাস্তব অস্তিত্ব নাই। কিন্তু যতক্ষণ উহা স্পষ্ট দেখা যায়, হাতে লইয়া প্রত্যক্ষ করা যায়, ততক্ষণ তাহার অস্তিত্ব অস্বীকার করা যায় না। মায়াসৃষ্ট এই জগতও সেইরূপ অনির্বচনীয়। যাহা সৎ বা অসৎ নহে, তাহাই অনির্বচনীয়। মায়া ব্রহ্মতুল্য নিত্য নহে। যতক্ষণ ব্রহ্মজ্ঞানের উদয় না হয়, ততক্ষণ মায়া আছে। আবার যখনই জ্ঞান উদিত হয়, তখনই তাহা বিনষ্ট হয়। মায়ার অধিষ্ঠান ব্রহ্ম। 'প্রবোধ চন্দ্রোদয়' নামক সংস্কৃত নাটকে নাট্যকার কৃষ্ণমিত্র নিম্নোক্ত শ্লোকে মায়ার সুন্দর বর্ণনা দিয়াছেন। কাম রতিকে বলিতেছেন।

পুংসঃ সঙ্গসমুজ্ঝিতস্য গৃহিণী মায়েতি তেনাপ্যসৌ।
অস্পৃষ্টাপি মনঃ প্রসূয়ঃ তনয়ং লোকানসূত ক্রমাৎ ॥
তস্মাদেব জনিষ্যতে পুনরসৌ বিদ্যেতি কন্যা যয়া।
তাতস্তে সহোদরাশ্চ জননী সর্বং চ ভক্ষং কুলম্ ॥

ব্রহ্মরূপ পুরুষ অসঙ্গ, কাহারো সহিত তাঁহার সংসর্গ নাই। এই মায়া তাঁহারই গৃহিণী। তৎকর্তৃক অস্পৃষ্ট হইয়াও তিনি মনরূপ পুত্র প্রসব পূর্বক ক্রমে ক্রমে এই বিশ্ব প্রপঞ্চ সৃষ্টি করিয়াছেন। কালে বিশুদ্ধ অন্তঃকরণের বৃত্তিরূপে বিদ্যানাম্নী এক কন্যাকেও তিনি প্রসব করিবেন এবং তিনি তোমার পিতা, মাতা, সহোদরগণ এবং সমস্ত কুল ভক্ষণ করিবেন। বিদ্যার উৎপত্তিও মহামায়ার অনুগ্রহে হয়। ব্রহ্মরূপ অধিষ্ঠানে যে বিশুদ্ধ মায়া বিদ্যমান, তাহাকে মূলা অবিদ্যা বলে। প্রতিপুরুষে অবস্থিত থাকিয়া তাহাদের মধ্যে

সত্ত্বঃ, রজঃ ও তমো গুণের মাত্রার তারতম্য অনুসারে ভেদ জন্মাইয়া যে মায়া বিগুমান, তাহা তুলা অবিদ্যা। যাহা সৎ বা অসৎ কিছুই নহে, সেই মায়াও অনির্বচনীয়। বাক্যে বুঝাইতে না পারিলেও চিন্তা দ্বারা যতটুকু পারেন, বুঝিয়া লউন। ইহার অধিক কিছু বলা যায় না।

উপাধি। পৃথক্‌ভাবে সমীপে থাকিয়া ও সন্নিহিত বস্তুর মধ্যে প্রবেশ না করিয়াও যাহা সন্নিহিত বস্তুর ভাবান্তর ঘটায়, তাহার নাম উপাধি। বিশুদ্ধ, স্বচ্ছ ও শুভ্র স্ফটিকখণ্ডের পার্শ্বে একটি রক্তজবা রাখিলে স্ফটিকটিকে রক্তবর্ণ দেখায়। জবাফুল উপাধি ও স্ফটিক তৎকর্তৃক উপহিত।

দৃক্‌ ও দৃশ্য। দৃক্‌ অর্থে আত্মা ও দৃশ্য অর্থে তদ্‌ভিন্ন বিশ্বপ্রপঞ্চকে বুঝায়।

অধ্যারোপ ও অপবাদ। অধ্যারোপ ও অধ্যাস একই, নানাপ্রকার উপাধির অধ্যারোপেই সৃষ্টিতে বহু বিচিত্র বস্তুর প্রকাশ হয়। ঐ অধ্যারোপ অপসৃত হইলে সেই বৈচিত্র্য ও ভেদ তিরোহিত হইয়া একমাত্র ব্রহ্মবস্তুই থাকে। অধ্যারোপের এই তিরোধানের নাম অপবাদ। অধ্যারোপ দৃশ্যমান জাগতিক বস্তুতেও হইতে পারে আবার ইহা ইন্দ্রিয়-মন-বুদ্ধি ইত্যাদিতেও হইতে পারে। অতএব ইহা বাহ্য ও অভ্যন্তর ভেদে দ্বিবিধ। জীব ও ব্রহ্ম স্বরূপত এক হইলেও অধ্যারোপবশেই ভিন্নরূপে প্রতীত হয়। একস্থানে পরস্পরের সহিত ব্যবধানে শত শত বৃক্ষ থাকিলেও দূর হইতে তৎসমুদয়কে একাকার দেখায়। তখন উহাকে বন বলা হয়। বন সমষ্টিগত দর্শনের ফল। নিকট হইতে দেখিলে প্রত্যেকটি বৃক্ষ পৃথক্‌ পৃথক্‌ একটী হইতে অন্যটী ভিন্নরূপে দৃষ্ট হয়। ইহা ব্যষ্টিগত দর্শনের ফল। অতএব দর্শনের বিষয় হয় ব্যষ্টি, না হয় সমষ্টি। সমষ্টি বনই হউক অথবা ব্যষ্টি বৃক্ষই হউক, তদুপরি প্রসারিত আকাশ এক ও অখণ্ড।

ঈশ্বর। প্রতি শরীরে আত্মা অধিষ্ঠিত। যখন বিশুদ্ধ সত্ত্বপ্রধান মায়া সমষ্টিগত আত্মার উপাধি হয়, তখন তাঁহার নাম ঈশ্বর। ঈশ্বর সকলের অন্তর্যামী, সকলের নিয়ন্তা, সর্বজ্ঞ ও জগতের কারণ।

জীব। যখন ন্যূন এবং মলিন সত্ত্বপ্রধান মায়া ব্যষ্টিগত চৈতন্য বা আত্মার উপাধি হয়, তখন তাহার নাম জীব অথবা প্রাজ্ঞ। জীব অল্পজ্ঞ। উহা জগতের কারণও নহে, জগতের নিয়ন্ত্রণশক্তিও উহার নাই। জীবের উপাধি রূপ মায়ার মধ্যে সত্ত্ব অপেক্ষা রজঃ ও তমঃ গুণের ভাগ অধিক।

করণ চতুষ্টয়। চক্ষু-কর্ণাদি বাহ্যকরণ বা ইন্দ্রিয়। মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চতুষ্টয় অন্তঃকরণ। যাহার কার্য্য সংকল্পমাত্র, তাহাই মন। মন সংকল্পাত্মক। যাহা সেই সংকল্পকে নিশ্চিত আকার প্রদান করে, তাহা বুদ্ধি। অতএব বুদ্ধি নিশ্চয়াত্মিকা। যে বুদ্ধির 'আমি' রূপ অভিমান আছে, তাহাই অহঙ্কার। মন-বুদ্ধি-অহঙ্কারকে যাহা যুক্ত করিয়া রাখে, তাহাই চিত্ত।

পঞ্চকোষ। পেটিকাতুল্য যাহা অনেক কিছু একত্রে আবদ্ধ করিয়া রাখে, তাহাকে কোষ বলে। কোষ পঞ্চবিধ। (ক) অন্নপানাদিদ্বারা যে স্থূল শরীর পুষ্ট হয়, তাহা অন্নময় কোষ। (খ) প্রাণ-অপানাদি চতুর্দশ প্রকার প্রাণ বা বায়ু আছে। ইহাদের কার্য্যও পৃথক্ পৃথক্। সমস্ত প্রাণ মিলিত হইয়া যে কোষ রচিত, তাহা প্রাণময় কোষ। (গ) মন প্রভৃতি অন্তঃকরণ চতুষ্টয় ও শব্দ স্পর্শ রূপ রস গন্ধ এই পঞ্চ বিষয় ও সংকল্পাদি মন প্রভৃতির কার্য্য মিলিত হইয়া যে কোষ তাহাই মনোময় কোষ। (ঘ) যাহা মনোময় কোষের মধ্যে স্থিত, সবকিছু বিশেষ প্রকারে বিবেচনা করিতে বা জানিতে পারে, তাহাই বিজ্ঞান ময় কোষ। (ঙ) পূর্বোক্ত কোষ চতুষ্টয় যাহাতে বিলীন হইয়া সূক্ষ্মরূপে অবস্থান করে, তাহা আনন্দময় কোষ। অন্নময় হইতে প্রাণময়, প্রাণময় হইতে মনোময়, মনোময় হইতে বিজ্ঞানময় ও বিজ্ঞানময় হইতে আনন্দময় কোষ সূক্ষ্মতর। যাহা সূক্ষ্ম তাহাই স্থূলের কারণ। যোগাভ্যাস কালে বা প্রলয় সময়ে স্থূল কোষ সমূহ সূক্ষ্মকোষে লীন হয়। পঞ্চকোষ পরস্পর যুক্ত। অন্নময়ের মধ্যে প্রাণময়, তন্মধ্যে মনোময়, তন্মধ্যে বিজ্ঞানময় ও তন্মধ্যে আনন্দময় কোষ অবস্থিত।

শরীর। স্থূল, সূক্ষ্ম ও কারণ ভেদে শরীর ত্রিবিধ। জরায়ুজ, অণ্ডজ স্বেদজ ও উদ্ভিজ্জরূপে স্থূল শরীর চারি প্রকার। মনুষ্য প্রভৃতি জরায়ুজ, পক্ষী প্রভৃতি অণ্ডজ, বৃশ্চিকাদি স্বেদজ ও বৃক্ষাদি উদ্ভিজ্জ। পূর্বে লৌকিক ধারণা ছিল, গোময় হইতে বৃশ্চিক উৎপন্ন হয়। এইসকল স্বেদ বা মলোজাত প্রাণী আধুনিক বৈজ্ঞানিক মতে ইহারাও অন্য প্রাণী হইতে উৎপন্ন। মহাভারতে ভৃগু ভারদ্বাজ সংবাদে নানাযুক্তিদ্বারা প্রমাণিত হইয়াছে, বৃক্ষাদিও ইন্দ্রিয়যুক্ত এবং চৈতন্য সম্পন্ন। এইসম্বন্ধে 'স্থূল সূক্ষ্ম বিভাগি মূর্ত্তম্' ইত্যাদি ২য় প্রকরণের ২২ শ্লোকের টিপ্পনী দ্রষ্টব্য। ভারত গৌরব জগদীশ চন্দ্র বসুও বিজ্ঞান বলে ইহা প্রমাণ করিয়াছেন। মনোময়, বিজ্ঞানময়, ও আনন্দময় এই কোষত্রয়ের মিলিত অবস্থাকে সূক্ষ্ম শরীর বা লিঙ্গ শরীর বলে। পূর্বেই উক্ত হইয়াছে, অন্নময় কোষ হইতে আনন্দময় কোষ পর্যন্ত উত্তরোত্তর সূক্ষ্মতর। অন্নময়াদি প্রত্যেক কোষের তৎ পরবর্ত্তী কারণ শরীর। আনন্দময় কোষ পঞ্চকোষের কারণ শরীর এবং ঈশ্বর জগৎ কারণ। যেমন আত্মা বা চৈতন্য স্থূল শরীরে বিদ্যমান, তেমনিই সূক্ষ্ম ও কারণ শরীরেও বিদ্যমান। মনুষ্য-পশু-পক্ষী-কীট-বৃক্ষ-লতা সর্বত্র বিদ্যমান। উপাধি ভেদে ব্রহ্মের ত্রিবিধরূপ পরিকল্পিত।

বিরাট। নিখিল স্থূল শরীরে উপহিত চৈতন্যকে বিরাট বলে। ইহার অন্য নাম বৈশ্বানর।

হিরণ্যগর্ভ। নিখিল সূক্ষ্ম শরীরে উপহিত চৈতন্যকে হিরণ্যগর্ভ বলা হয়। ইহার অন্য নাম সূত্রাত্মা।

পরমেশ্বর। সমষ্টি অজ্ঞানোপহিত চৈতন্যের নাম ঈশ্বর বা পরমেশ্বর। ইনিই সৃষ্টি প্রভৃতির কর্ত্তা।

বিশ্ব। ব্যষ্টি স্থূল শরীর সমূহে উপহিত চৈতন্য।

তৈজস। ব্যষ্টি সূক্ষ্ম শরীর সমূহদ্বারা উপহিত চৈতন্য।

প্রাজ্ঞ। ব্যষ্টি কারণ শরীর সমূহদ্বারা উপহিত চৈতন্য। ইহার অন্যনাম জীব। ইহাদের মধ্যে বিরাট মূর্ত্ত, হিরণ্যগর্ভ অমূর্ত্ত এবং ঈশ্বর অব্যাকৃত তত্ত্ব।

কথনও কথনও বিশ্বকে চিদাভাস বা ব্যবহারিক আত্মা, তৈজসকে স্বপ্ন, প্রতিভাসিক বা কল্পিত আত্মা এবং প্রাজ্ঞকে পারমার্থিক অথবা অনবচ্ছিন্ন আত্মা বলা হয়। অবিদ্যা, অহঙ্কার ও দেহাদি উপাধি দ্বারা পরিছিন্ন হওয়ায় উহাকে অবছিন্ন আত্মা বলা হয়।

তুরীয়। বিরাট হিরণ্যগর্ভ ও পরমেশ্বর এই ত্রিবিধ এবং বিশ্ব তৈজস ও প্রাজ্ঞ এই ত্রিবিধ আত্মা অতিক্রম করিয়া সর্বোপাধি বিনির্মুক্ত বলিয়া ইহার নাম তুরীয় বা চতুর্থ আত্মা। সকলের সাক্ষী রূপে ইনি সাক্ষী এবং সম্মুখস্থ জগতের আধার স্বরূপ বলিয়া ইহাকে জগদাধারও বলা হয়। শান্ত, শিব, অদ্বৈত্যাদি নামেও ইনি অভিহিত হন।

প্রত্যগাত্মা। শরীরের অধিষ্ঠিত আত্মা। ইনি, জীব সাক্ষী, অক্ষর, কুটস্থ, চিৎ, চৈতন্য চিতি ইত্যাদি নামে অভিহিত হন। প্রতিপূর্বক অঞ্চ ধাতু হইতে প্রত্যক্ শব্দ নিষ্পন্ন। অঞ্চ্ ধাতুর অর্থ গতি ও পূজা। এক ধাতুর নানাবিধ অর্থ হইতে পারে। বিশষতঃ গত্যর্থ ধাতুসমূহ জ্ঞানার্থেও ব্যবহৃত হয়। প্রতিলোমক্রমে ইন্দ্রিয়, মন, বুদ্ধি ও অহঙ্কারাদি অতিক্রম পূর্বক ইহার জ্ঞান বা প্রকাশ হয়। সেই হেতু ইহাকে প্রত্যগাত্মা বলে। প্রতি মানবের দেহমধ্যে এই প্রত্যগাত্মা স্বয়ং নিষ্ক্রিয় ও নিগুর্ণ হইয়াও সাক্ষীরূপে অবস্থিত।

সত্য। সত্য ত্রিবিধ। (ক) ব্যবহারিক সত্য। প্রকৃত প্রস্তাবে ব্রহ্মব্যতীত জগতের পৃথক অস্তিত্ব না থাকিলেও অজ্ঞানোপহিত হইয়া আমরা জগৎকে সত্যরূপে মনে করি এবং তাহা হইতেই আমাদের যাবতীয় ব্যবহার নিষ্পন্ন হয়। বিশ্বপ্রপঞ্চ-কে সত্য রূপে বোধই ব্যবহারিক সত্য।

(খ) প্রতিভাসিকসত্য। স্বপ্নাদিতে আমরা যাহা দেখি, বাহিরে তাহার অস্তিত্ব না থাকিলেও এবং জাগ্রদবস্থায় তাহা মিথ্যা রূপে প্রমাণিত হইলেও স্বপ্নকালে তাহা অস্বীকার করিতে পারি না। স্বপ্নে ব্যাঘ্র কর্তৃক আক্রান্ত হইলে জাগ্রদবস্থায় হৃৎস্পন্দন থামে না। সুতরাং তাহার ক্রিয়াও দেখা যায়।

এইরূপ স্বপ্নদৃষ্ট বিষয় সমূহের যে সত্যতা, তাহাই প্রতিভাসিক সত্য। (গ) পারমার্থিক সত্য। যখন প্রকৃত জ্ঞানের উদয়ে বিশ্বপ্রপঞ্চ স্বপ্নদৃষ্ট বস্তুতুল্য বিলীন হইয়া যায়, ব্রহ্ম ব্যতীত আর কোন বস্তুর বোধ থাকে না, সেই চরম ও পরম দৃষ্টিতে প্রতীত সত্যই পারমার্থিক।

বাদত্রয়। কার্য্যমাত্রেরই কারণ আছে, কিন্তু কার্য্য ও কারণ ভিন্ন কি অভিন্ন, কার্য্যকারণের পরস্পর সম্পর্ক কিরূপ, কার্য্যে কারণ কিভাবে রূপান্তরিত হয়, জগতের উৎপত্তি প্রসঙ্গে এই প্রকার নানা প্রশ্নের উদয় হয়। এই সম্বন্ধে তিন বাদ বা মত বিদ্যমান। (ক) আরম্ভবাদ। এই মতে কার্য্য ও কারণ ভিন্ন বস্তু। মৃত্তিকা উপাদান কারণ হইলেও তাহা হইতে উৎপন্ন কার্যরূপ ঘট সম্পূর্ণ পৃথক বস্তু। উৎপন্ন হইবার পর কার্যরূপ যে ঘটকে প্রত্যক্ষ করি তৎপূর্বে ঘটের কোন অস্তিত্ব ছিল না। ক্ষিতি-জল-তেজ ও বায়ুর পরমাণু পুঞ্জ মিলিত হইয়াই জগৎ উৎপন্ন। জগৎ উৎপন্ন হইবার পূর্বে পরমাণুপুঞ্জই ছিল, জগৎ ছিল না। এই মতকে আরম্ভ বাদ বলে। ইহার অপর নাম অসৎকার্য বাদ। আধুনিক বৈজ্ঞানিকগণ এই মতেই বিশ্বাসী। আরম্ভবাদকে পরমাণু বাদও বলে। ন্যায় ও বৈশেষিক দর্শনের আচার্য্যগণ আরম্ভবাদ সমর্থন করেন। (খ) পরিণাম বাদ। কার্য্য কারণের মধ্যেই সূক্ষ্মরূপে অবস্থান করে। কুম্ভকার কর্তৃক ঘট নির্মিত হওয়ার পূর্বেও সূক্ষ্মরূপে তাহা মৃৎপিণ্ডের মধ্যে ছিল। যাহা অসৎ তাহার উৎপত্তি হয় না। যাহা সৎ তাহার বিনাশ হয় না। ঘট কখনও অসৎ ছিল না, তাহা হইলে তাহার উৎপত্তি হইত না। দধি দুগ্ধের মধ্যেই লুপ্ত ছিল। জগৎ অব্যক্ত প্রকৃতির মধ্যেই লুপ্ত ছিল। কালত্রয়ে দুগ্ধ দধিরূপে এবং পুরুষের সন্নিধানে আসিয়া প্রকৃত জগৎরূপে পরিণত হইয়াছে। ইহাকে পরিণাম বাদ বা সৎকার্য্য বাদ বলে। সাংখ্য ও বেদান্তের আচার্যগণ সৎকার্যবাদ সমর্থন করেন। কিন্তু পরিণাম বাদে দধিরূপে দুগ্ধের পরিণতিতে যে উপাদান কারণের বিকার দেখা যায়, বৈদান্তিকগণ তাহা স্বীকার করেন না।

তাহারা অন্য এক বাদ স্বীকার করেন। (গ) বিবর্ত্তবাদ। এইমতে উপাদান কারণ নানা কার্যে পরিণত হইলেও তাহার কোন বিকার ঘটে না। স্বর্ণদ্বারা হার কুণ্ডলাদি নানাবিধ অলঙ্কার নির্মিত হয়। উহাতে স্বর্ণখণ্ডের আকার গত রূপান্তর হইলেও হার আদি অলংকার স্বর্ণই, অন্য কিছু নহে। মায়া বশে ব্রহ্ম জগৎরূপে দৃষ্ট হইলেও জগৎ ব্রহ্মই, ব্রহ্ম ভিন্ন অন্য কিছু নহে। অদ্বৈতবাদিগণ এই বিবর্ত্তবাদ স্বীকার করেন।

পঞ্চবিধ খ্যাতি। (ক) আত্মখ্যাতি। ইহা বিজ্ঞানবাদী বৌদ্ধগণের মত। বিজ্ঞানই আত্মস্বরূপ এবং তাহা আভ্যন্তর বস্তু। এই বিজ্ঞান ব্যতীত বাহিরে আর কিছু নাই। ইহারই নাম আত্মখ্যাতি। (খ) অসৎখ্যাতি। ইহা শূন্যবাদী বৌদ্ধগণের মত। তাহাদের মতে 'সর্বশূন্যম্,' কিছুই প্রকৃত প্রস্তাবে নাই। (গ) অখ্যাতি। মীমাংসকগণ ইহা সমর্থন করেন। তাঁহাদের মতে জ্ঞান স্বপ্রকাশ, জ্ঞানেই সকলের প্রকাশ বা প্রতীতি হয়। সর্বে প্রত্যয়া যথার্থাঃ প্রত্যয়ত্বাৎ যে বস্তু যেরূপ প্রতীত হয়, তাহা সেই রূপই, অন্যরূপ নহে। যদি কেহ একখণ্ড শুক্তি হাতে লইয়া বলেন, ইহা রৌপ্য নহে, তাহা হইলে রৌপ্য বস্তু অস্বীকার করা হয় না। কেবল বলা হয়, শুক্তি ও রৌপ্য এক নহে। এই মতে ভ্রম স্বীকৃত না হওয়ায় ইহাকে অখ্যাতিবাদ বলে। (ঘ) অন্যথাখ্যাতি। ন্যায় ও বৈশেষিক দর্শনের আচার্য্যগণ ইহা সমর্থন করেন। যখন শুক্তি বা ঝিনুকে রজত ভ্রম হয়, তখন শুভ্রতা নিমিত্ত সাদৃশ্যহেতু সম্মুখে স্থিত শুক্তিতে রজত ভ্রম হয়। এক বস্তু ভ্রম নিমিত্ত অন্যবস্তুরূপে বোধ হয়। ইহার নাম অন্যথা খ্যাতি। (ঙ) অনির্বচনীয় খ্যাতি। অদ্বৈতবাদিগণ এই মত সমর্থন করেন। চক্ষুরোগ, দূরত্ব বা স্বল্পালোক নিমিত্ত শুক্তিতে রজত ভ্রম হয়। এইরূপ জ্ঞানে সত্য ও মিথ্যা দুই জড়িত, মিথুনীকৃত থাকে। শুক্তি অংশে সত্য এবং রজতাংশে ইহার প্রতীতি মিথ্যা। আবার ভ্রম দূর হইবার পর রজতই সত্য, শুক্তিই মিথ্যা। অবিদ্যা প্রভাবে অনির্বচনীয় অজ্ঞান সৃষ্টি হয়। সেইজন্য সত্যকে মিথ্যা ও মিথ্যাকে সত্য রূপে যে বোধ হয়, তাহা অনির্বচনীয় খ্যাতি।

চতুর্বিধ উপাসনা। (ক) সম্পদুপাসনা। ক্ষুদ্র পরিচ্ছিন্ন মনকে অনন্তগুণ সম্পন্ন কোন বস্তুর সহিত যুক্ত করিয়া উপাসনা করার নাম সম্পদুপাসনা। ইহার মধ্যে এক শ্রেণীর সম্পদুপাসনাকে অহংগ্রাহিণী বলা হয়। 'সোঽহম্' আমিই সেই সর্বব্যাপী অনন্ত ব্রহ্ম, ইত্যাদিরূপে ক্ষুদ্র অহংকে অনন্ত ব্রহ্মবোধে উপাসনা করা যায়। ইহাতে 'অহং' ভাব থাকে। দ্বিতীয়। প্রতীক উপাসনা। নারায়ণ শিলা ক্ষুদ্র শিলাখণ্ড মাত্র, দেবদেবীর প্রতিমা পরিচ্ছিন্ন বস্তু। যখন উপাসক তাহাতেই সৃষ্টি-স্থিতি-লয়ের কর্তা অনন্ত জগদীশ্বরের ভাবনা করেন, তাহাও সম্পদ্ উপাসনা। (খ) আরোপ উপাসনা। উদ্গীথ সামবেদের গেয় অংশবিশেষ। এক ওঁম্ এই শব্দে সমগ্র উদ্গীথ আরোপ করিয়া যে উপাসনাদি হয়, তাহাই আরোপ উপাসনা নামে অভিহিত। (গ) সম্বর্গ উপাসনা। প্রলয়কালে বায়ু সমস্ত ভৌতিক জগৎ সংহরণ পূর্বক সর্বভূতের সম্বর্গ বা মিলিতরূপ হইয়া থাকে। একের মধ্যে সমস্ত অবস্থিত, এই বুদ্ধিতে বায়ু প্রভৃতির উপাসনাই সম্বর্গ উপাসনা। (ঘ) অধ্যাসোপাসনা। এক জাত বস্তুর উপর অন্য জাত বস্তুর অধ্যাস করিয়া উপাসনার নাম অধ্যাসোপাসনা। 'বায়ুর্বাব সম্বর্গঃ,' যোষা বাব গোতমাগ্নিঃ ইত্যাদি সামমন্ত্র সম্বর্গ ও অধ্যাসোপাসনা ছান্দোগ্য উপনিষদে বিস্তৃতরূপে বর্ণিত। সম্পদ্ উপাসনাই সাধক সমাজে ব্যাপকভাবে প্রচলিত। 'দেবো ভূত্বা দেবংযজেৎ।' দেবতার সহিত স্বকীয় অভেদ জ্ঞান করিয়া যে উপাসনা, তাহাই অন্তরঙ্গ উপাসনা। তদ্ব্যতীত অন্যবিধ উপাসনা বহিরঙ্গ। এই প্রসঙ্গে জ্ঞাতব্য, সগুণ ব্রহ্মেরই উপাসনা হয়, নির্গুণ ব্রহ্মের উপাসনা সম্ভব নহে। যখন সাধক ব্রহ্মের সহিত এক ও অভিন্ন হয় তখন কে কাহার উপাসনা করিবে? যখন অজ্ঞানদ্বারা আচ্ছন্ন হইয়া অসীম নির্গুণ নিষ্ক্রিয় চৈতন্য নিজেকে সসীম, সগুণ ও কর্তা, ভোক্তা ইত্যাদি রূপে মনে করে, তখন উপাসনা সম্ভব হয়। ব্রহ্মের জীবভাব ও সগুণভাব উভয়ই অবিদ্যা কল্পিত এবং উপাধিজনিত।

ব্রহ্মের জীব ভাব ও ঈশ্বর ভাব সম্বন্ধে বৈদান্তিকগণ বিবিধ প্রকার চিন্তা করিয়াছেন।

অবচ্ছেদ বাদ। এইমতে অন্তঃকরণ দ্বারা সীমাবদ্ধ চৈতন্যই জীবাত্মা। যেমন ঘটাকাশ মহাকাশের অংশ, তেমনই জীবাত্মা পরমাত্মার অংশ। ব্যাসকৃত ব্রহ্মসূত্রে আছে, 'অংশো নানা ব্যপদেশাৎ' এবং গীতা মুখে 'মমৈ বাংশো জীবলোকে বীজভূতঃ সনাতনঃ' ইত্যাদি শাস্ত্রবাক্য ইহার সমর্থক। বিভিন্ন প্রকার অন্তঃকরণদ্বারা অবচ্ছিন্ন জীবও বিবিধ।

প্রতিবিম্ববাদ। যেমন সূর্যবিম্ব এবং জলে প্রতিফলিত সূর্য্য ও তাহার প্রতিবিম্ব অভিন্ন তেমনই জীবও বিম্বরূপ অখণ্ড ব্রহ্মবস্তুর প্রতিবিম্ব মাত্র। বিম্ব ও প্রতিবিম্ব অভিন্ন। অতএব জীব ও ব্রহ্ম স্বরূপতঃ অভিন্ন। ব্রহ্মসূত্রে আছে, 'আভাস এব চ' এই 'এব' শব্দ দ্বারা প্রতিবিম্ববাদ সূচিত হয়।

আভাসবাদ। এই মতের সমর্থকগণ বলেন, বিম্ব ও প্রতিবিম্ব কখনও এক নহে; বিম্ব সত্য, প্রতিবিম্ব মিথ্যা। বস্তুত বহ্মের প্রতিবিম্ব বা আভাসরূপ জীব বিম্বরূপ ব্রহ্ম হইতে ভিন্ন। ঈশ্বর সমষ্টি মায়ার ও জীব ব্যষ্টি অবিদ্যার আভাস মাত্র। অতএব ঈশ্বরের সর্বজ্ঞত্বাদি গুণ জীবে থাকা সম্ভব নহে।

একজীববাদ। 'ব্রহ্মৈব স্ববিদ্যয়া সংসরতি, স্ববিদ্যয়া মুচ্যতে'। ব্রহ্ম স্বয়ং অবিদ্যাদ্বারা সংসারী হন, আবার নিজের বিদ্যাদ্বারা মুক্ত হন। এক ব্যতীত দুই নাই। যেমন ব্রহ্ম এক, তেমনি জীবও এক। কেবল মুক্ত অবস্থায় তিনি ব্রহ্ম ও সংসারী অবস্থায় তিনি জীব, এই মাত্র ভেদ। পাশবদ্ধ জীব, পাশমুক্ত শিব। ব্যক্তি ভেদে অন্তঃকরণ ভিন্ন ভিন্ন হয়। অতএব সেই সেই অন্তঃকরণ দ্বারা অন্তরিত ব্রহ্মরূপ জীবও অনেক। যাহারা ইহা বলেন, তাহারা অনেক-জীববাদীরূপে অভিহিত হন। এই সমস্ত বাদের সমর্থকগণের মধ্যে বাদ প্রতিবাদের অন্ত নাই। বাহুল্যবোধে তৎসমূহের উল্লেখ পরিহার্য্য।

সপ্ত অবস্থা। জীবের সাত অবস্থা হয়। (১) অজ্ঞ, অর্থাৎ অজ্ঞান

দ্বারা আবৃত অবস্থায় 'আমি কিছু জানিনা' এই ভাব। (২) বিক্ষিপ্ত। শাস্ত্রকর্তৃক অননুমোদিত পথে তর্ক করিয়া নাস্তিক্য বুদ্ধিগ্রস্ত হওয়া। (৩) পরোক্ষধী এই অবস্থায় আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদিরূপ বোধ হয়। (৪) অপরোক্ষ মতি এই অবস্থায় গুরুউপদেশ ও শাস্ত্রাধ্যয়নে এই বিশ্বাস জন্মে, আত্মা শুদ্ধ-বুদ্ধ-মুক্ত। (৫) শোক-মোক্ষ এই অবস্থায় মনন ও ধ্যানের ফলে আত্মসাক্ষাৎকারের অনুকূল চিত্তবৃত্তি উদিত হয়। (৬) তৃপ্তি এই অবস্থায় সর্ববিধ দুঃখ নিবৃত্তি হয়। (৭) নিরঙ্কুশা—এই অবস্থায় সর্ববাধা মুক্ত হইয়া ব্রহ্ম সাক্ষাৎকার হয়। এই সপ্ত অবস্থার মধ্যে প্রথম তিনটি বন্ধের এবং শেষ চারিটি মোক্ষের অনুকূল।



শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী

শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী

বাল্যে স্বগৃহে শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতীর সংক্ষিপ্ত জীবনী দীনেশচন্দ্র মুখোপাধ্যায় রচিত 'জীবনী সংগ্রহ' পুস্তকে সাগ্রহে পড়িয়াছিলাম। কয়েক বৎসর পরে কলিকাতা সিটি কলেজে অধ্যয়ন কালে মহাত্মা ভাস্করানন্দের বিস্তৃত বাংলা জীবনী সযত্নে পড়িয়াছি। শ্রীচণ্ডীচরণ বসাক প্রণীত 'শত জীবনী' পুস্তকে (২৫৯-২৬৩ পৃষ্ঠায়) প্রকাশিত তদীয় জীবনী নিম্নে উদ্ধৃত হইল।

কানপুরে মিথেলালপুর নামে একটি প্রসিদ্ধ গ্রাম আছে। উহাই মহাত্মা ভাস্করানন্দের জন্মভূমি। মিশ্রলাল মিশ্র নামক সামবেদীয় জনৈক কণৌজ ব্রাহ্মণ ইঁহার পিতা ১৮৯০ সম্বতের আশ্বিনী শুক্লা-সপ্তমী তিথিতে নিশীথ সময়ে ইনি জন্মগ্রহণ করেন। মিশ্রলাল নামকরণ কালে প্রিয় পুত্রকে মতিরাম নামে অভিহিত করেন। গর্ভাষ্টমে মতিরামের উপনয়ন সংস্কার সম্পন্ন করিয়া শাস্ত্রানুসারে মিশ্রলাল পুত্রকে গুরুগৃহে প্রেরণ করেন। মতিরাম স্বীয় প্রতিভাবলে অল্পকালের মধ্যেই একজন অদ্বিতীয় পণ্ডিত হইয়া উঠেন। দ্বাদশ বৎসর বয়সে মতিরাম পরিণয় সূত্রে আবদ্ধ হন। ১৭ বৎসর বয়সে মতিরামের একটি পুত্র জন্মে, কিন্তু পুত্রটি শৈশবেই মৃত্যুমুখে পতিত হয়। পুত্র শোকে মতিরাম বড়ই ব্যতিব্যস্ত হয়ে পড়েন। ক্রমে তাঁহার মনে বৈরাগ্য উদিত হইলে সংসারাশ্রম পরিত্যাগান্তে উজ্জয়িনীতে আগমন করেন এবং তথায় উপযুক্ত গুরুপ্রাপ্ত হইয়া তাঁহার নিকট যোগাভ্যাসে মনোনিবেশ করেন। অনন্তর তিনি গুজরাট মালবদেশে সাত বৎসর কাল থাকিয়া বেদান্ত শাস্ত্র অধ্যয়ন করেন। পরে পুনরায় উজ্জয়িনীতে আসিয়া পরমহংস পূর্ণানন্দ সরস্বতীকে প্রাপ্ত হন। পূর্ণানন্দ মতিরামকে সন্ন্যাসে দীক্ষিত করিয়া তাঁহাকে শ্রীমৎ ভাস্করানন্দ নাম প্রদান করেন। সপ্তবিংশতি বৎসর বয়সে মতিরাম শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী নাম গ্রহণ পূর্বক কিছুদিন তথায় অবস্থান করেন। পরে কাশীধামে দুর্গাবাড়ীর সন্নিহিত আনন্দ বাগের

আশ্রমে কিছুকাল থাকিয়া কানপুর হইয়া জন্মভূমি দর্শনার্থ স্বগ্রামে গমন করেন। অনন্তর ভাস্করানন্দ কৌপিন মাত্র পরিধান পূর্বক ভারতের সমস্ত তীর্থ পরিভ্রমণান্তে পুনরায় আনন্দ বাগের আশ্রমে আসিয়া উপস্থিত হন। বদরিকাশ্রমে গমনকালে পথিমধ্যে বেদান্তবিৎ সাধু অনন্তরামের সহিত সাক্ষাৎকার হওয়ায় উভয়েই ভগবৎতত্ত্ব আলোচনায় পরম প্রীতি লাভ করেন।

স্বামী ভাস্করানন্দ ১৯২৫ সম্বতে আনন্দ বাগে আসিয়া কৌপিন পর্য্যন্ত পরিত্যাগ করায় তত্রত্য জনসাধারণ সকলেই গাত্রবস্ত্র (বহির্বাস) গ্রহণ করিতে তাঁহাকে অনুরোধ করিলে তিনি উত্তর দিলেন, "যে বস্তু একবার ত্যাগ করা যায়, তাহা আর গ্রহণ করাউচিৎ নয়।" ভাস্করানন্দজী নির্জ্জন স্থানে বাস করাই নিরাপদ মনে করিতেন। কিন্তু চতুর্দিকে তাঁহার গুণগরিমা এতই বিস্তৃত হইয়া ছিল যে, ইনি যে স্থানে অবস্থান করুন না কেন, তাঁহাকে দর্শন করিবার জন্য তথায় তীর্থ যাত্রীর ন্যায় সমস্ত লোক সমাগম হইত। তাঁহার লক্ষাধিক মন্ত্র শিষ্য ছিল। ইউরোপ ও আমেরিকার অনেক শিক্ষিত সভ্য ব্যক্তি তাঁহাকে গভীর ভক্তিশ্রদ্ধা করিতেন।

স্বামী ভাস্করানন্দ তপঃ প্রভাবে অলৌকিক যোগশক্তি লাভ করিয়াছিলেন। যদিও তিনি নিজে তাহা প্রকাশ করিতেন না, তথাপি ঘটনাচক্রে সময় সময় তাহার কিছু কিছু স্বতঃই প্রকাশ পাইত। কাশীধামে শীতল প্রসাদ নামে স্বামীজীর এক শিষ্যের পুত্র দ্বিতল ছাদ হইতে পড়িয়া মৃত্যুমুখে পতিত হওয়ায় শীতল প্রসাদ ডাক্তার কবিরাজ না ডাকিয়া গুরুর নিকট আসিয়া উপস্থিত হন। স্বামীজী শিষ্যকে দেখিয়াই সমস্ত বুঝিতে পারিলেন। একটু গঙ্গাজল হাতে লইয়া তিনি শিষ্যকে বলিলেন, "বাবা! এই গঙ্গা জলটুকু তোমার পুত্রকে খাওয়াইয়া দিলেই সে আরোগ্য লাভ করিবে। কোন চিন্তার কারণ নাই।" বস্তুতঃ শীতল প্রসাদ পুত্রকে স্বামীজী প্রদত্ত গঙ্গাজলটুকু খাওয়াইবার পর মৃত বালক আরোগ্য লাভ করিতে থাকে। এইরূপ অনেক অদ্ভুত ঘটনা আছে, যাহাতে স্বামীজীর আলৌকিক ক্ষমতা সমূহ প্রকাশিত হইয়াছে।

কলিকাতা হইতে কোন ব্যক্তি শ্রীমৎ ভাস্করানন্দের নিকট দীক্ষা গ্রহণের মানসে উপস্থিত হইয়া নিজ মনোভাব প্রকাশ করেন। তাহাতে ভাস্করানন্দজী বলেন, "তুমি তোমার মাতা পুত্র স্ত্রী প্রভৃতিকে না বলিয়া গোপনে আসিয়াছ। তাহারা তোমার জন্য অত্যন্ত কাতর হইয়াছেন। অতএব এখনও তোমার দীক্ষিত হইবার সময় হয় নাই।" আগন্তুক সিদ্ধযোগী ভাস্করানন্দের কথায় বিস্মিত হইলেন বটে, কিন্তু স্বীয় মনোভাব গোপন করিয়া বলিলেন যে, আমি তাহাদের অনুমতি লইয়াই আসিয়াছি। ত্রিকালজ্ঞ ভাস্করানন্দ বলিলেন, "তাহারা তোমায় এই কার্য্যে অনুমতি দেন নাই, তুমি বিরক্ত হইয়া চলিয়া আসিয়াছ। তোমার গৃহ ত্যাগের আরও একটি কারণ আছে, তাহা বলিলে তুমি লজ্জিত হইবে। অতএব তুমি ঘরে ফিরিয়া যাও।" আগন্তুক ছাড়িবার পাত্র নহেন। সেজন্য বলিলেন, আমার মনে বৈরাগ্যের সঞ্চার হওয়ায় আমি গৃহত্যাগ করিয়াছি, আমাকে দীক্ষিত করুন। তখন ভাস্করানন্দ বলিলেন, "ভাল, তোমার পার্শ্বের বাটীস্থ কোন রমণীর প্রতি তুমি আসক্ত হইয়াছিলে, তাহারই কথায় তোমার এই বৈরাগ্য সঞ্চার।"

আগন্তুক ভাস্করানন্দের চরণ যুগল ধরিয়া কিসে পাপ হইতে মুক্ত হইবেন, তাহার জন্য প্রার্থনা করেন। ভাস্করানন্দ তাঁহাকে অনেক বুঝাইলেন, অবশেষে অভয় দিলেন, 'আচ্ছা তোমাকে দীক্ষিত করিব, কিন্তু এখনও কিছু কাল তোমাকে স্বগৃহে থাকিতে হইবে।' আগন্তুক তাহাতে সম্মত হইলে স্বামীজী তাঁহাকে দীক্ষিত করেন এবং যোগ সম্বন্ধীয় অনেক উপদেশ প্রদান করেন।

শ্রীমৎ ভাস্করানন্দ সরস্বতী ১৯৫৬ সম্বতে ৬৬ বৎসর বয়সে ২৫শে আষাঢ় রবিবার নিশীথ সময়ে সমাধি অবস্থায়ই কাশীধামে দেহরক্ষা করেন। কেহ কেহ বলেন, বিসূচিকা রোগই স্বামীজীর দেহাবসানের কারণ। স্বামীজী যে রাত্রিতে দেহরক্ষা করেন, উক্ত রাত্রিতে সমাধিতে বসিবার পূর্বে আজই যে তাঁহার শেষ সমাধি, তাহা আশ্রমস্থ শিষ্যমণ্ডলীকে বলিয়াছিলেন। দেহরক্ষা

পর শিষ্যগণ তাহা গঙ্গা জলে স্নান করাইয়া গঙ্গা তীরেই দাহ করেন। দাহান্তে অল্প অস্থি ও কিছু ভস্ম প্রস্তর পাত্রে স্থাপিত করিয়া আনন্দ বাগে সমাধি প্রতিষ্ঠা করেন। কেহ কেহ বলেন, স্বামীজীর মৃতদেহ দাহ করা হয় নাই। উহা ভাগীরথীতে স্নান করাইয়া প্রস্তর পাত্রে সংস্থাপন পূর্বক সলিলে সমাধিস্থ করা হইয়াছে। গঙ্গাপ্রসাদ নামে কানপুর নিবাসী জনৈক ভক্ত শিষ্য স্বামীজীর সমাধি মন্দির নির্মাণের জন্য এক লক্ষ টাকা দান করিয়াছেন। ইঁহার প্রধান শিষ্য সিদ্ধ গুরুর পুণ্য স্মৃতি রক্ষার্থ "ভাস্করানন্দ সংস্কৃত পাঠশালা" নামে একটি বিদ্যালয় স্থাপন করিয়া তাহাতে বেদান্ত, ন্যায়, মীমাংসা, জ্যোতিষ এবং ব্যাকরণ শাস্ত্র-শিক্ষাদানের সুব্যবস্থা করিয়াছেন।

সুপণ্ডিত ভাস্করানন্দ সাধারণের কল্যাণ কামনায় (শ্রীমৎ গঙ্গাধরেন্দ্র সরস্বতী বিরচিত) 'স্বারাজ্য সিদ্ধি' নামক প্রাচীন বেদান্ত গ্রন্থের টীকা (কৈবল্য কল্পদ্রু মাখ্য) ও বিশদ ব্যাখ্যা প্রকাশ পূর্বক জগতের মঙ্গল বিধান করিয়া গিয়াছেন। ইহা ১৯৫৩ সম্বতে কাশীধাম হইতে প্রকাশিত হইয়াছে। উহাতে তাঁহার অসাধারণ মহা পাণ্ডিত্যের পরিচয় জাজ্বল্যমান। এই টীকা সুললিত ও সহজবোধ্য ও সরল সংস্কৃতে রচিত। দিগম্বর ভাস্করানন্দের মুদ্রিত নগ্ন মূর্ত্তি দেখিলে মনে বৈরাগ্য উদিত হয়। বাল্য থেকেই এই মনোহর নগ্ন মূর্ত্তি আমার অন্তরে অঙ্কিত আছে।

প্রশস্তি

সামবেদীয় ছান্দোগ্য উপনিষদে (সপ্তম প্রপাঠকে পঞ্চবিংশ খণ্ডে) নিম্নলিখিত মন্ত্রদ্বয়ে গ্রন্থমর্ম উল্লিখিত।

স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ স পশ্চাৎ স পুরস্তাৎ স দক্ষিণতঃ স উত্তরতঃ স এবেদং সর্বমিত্যথাতোঽহঙ্কারাদেশ এবাহমেবাধস্তাদহ-মুপরিষ্টাদহং পশ্চাদহং পুরস্তাদহং দক্ষিণতোঽহমুত্তরতোঽহমেবেদং সর্বমিতি ॥১

অথাত আত্মাদেশ এবাত্মৈবাধস্তাদাত্মোপরিষ্টাদাত্মা পশ্চাদাত্মা পুরস্তাদাত্মা দক্ষিণত আত্মোত্তরত আত্মৈবেদং সর্বমিতি স বা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবং বিজানন্নাত্মরতিরাত্মক্রীড় আত্মমিথুন আত্মা-নন্দঃ স স্বরাড়্ ভবতি তস্য সর্বেষু লোকেষু কামচারো ভবত্যথ যেঽন্যথাঽতো বিদুরন্য রাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি তেষাং সর্বেষু লোকেষ্বকামচারো ভবতি ॥২

তিনিই নিম্নে, তিনি ঊর্ধ্বে, তিনি পশ্চাতে, তিনি সম্মুখে, তিনি দক্ষিণে, তিনি উত্তরে। তিনিই এই সমস্ত। সুতরাং তাঁহার পক্ষে অন্যত্র অবস্থান অসম্ভব। অতঃপর অহম্ (আমি) অবলম্বনে উপদেশ প্রদত্ত। আমিই অধোভাগে, আমি ঊর্ধ্বে, আমি পশ্চাতে, আমি সম্মুখে, আমি দক্ষিণে, আমি উত্তরে। আমিই এই সমস্ত। সুতরাং আমি ভূমার সহিত অভিন্ন। ১

অনন্তর আত্মা অবলম্বনে উপদেশ প্রদত্ত। আত্মাই নিম্নে, আত্মা

ঊর্ধ্বে, আত্মা পশ্চাতে, আত্মা সম্মুখে, আত্মা দক্ষিণে, আত্মা উত্তরে, আত্মাই এই সমস্ত। এইরূপ দর্শন, মনন ও বিজ্ঞান লাভ করিয়া আত্মরতি, আত্মক্রীড়, আত্মানন্দ আত্মমিলনে আনন্দোন্মত্ত, আত্মানন্দ হইয়া পূর্বোক্ত বিদ্বান্ স্বরাট্ হন। সর্বলোকে তিনি অপ্রতিহতগতি প্রাপ্ত হন। পক্ষান্তরে যাহারা এতদ্ভিন্ন অন্যরূপে জানে, তাহারা অন্য রাজার অধীন ও ক্ষয়শীল লোকের অধিবাসী হয়। সর্বলোকে তাহাদের গতি অপ্রতিহত হয় না। স্বরাট্ পুরুষ স্বারাজ্য-সিদ্ধি লাভ করেন। ২

উক্তমর্মে অথর্ববেদীয় মুণ্ডক উপনিষদে (২।২।১১) এই শ্লোক দৃষ্ট হয়।

ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাৎ ব্রহ্ম পশ্চাৎ ব্রহ্ম দক্ষিণতশ্চোত্তরেণ।
অধশ্চোর্ধ্বঞ্চ প্রসৃতং ব্রহ্মৈবেদং বিশ্বমিদং বরিষ্ঠম্॥

পুরোভাগে অবস্থিত এই সমস্ত ব্রহ্মই, পশ্চাৎভাগে ব্রহ্ম, দক্ষিণে এবং উত্তরেও ব্রহ্ম, অধঃ ও ঊর্ধ্বদিকেও ব্রহ্মই ব্যাপ্ত। এই বরণীয় বিশ্বকে ব্রহ্মই বলিয়া জানিবে।

শ্রীমৎ গঙ্গা ধরেন্দ্র সরস্বতী বিরচিত

স্বারাজ্যসিদ্ধিঃ

প্রথমং প্রকরণম্

গঙ্গাপুরপ্রচলিত জটাস্রস্ত ভোগীন্দ্রভীতাম্
আলিঙ্গন্তীমচলতনয়াং সস্মিতং বীক্ষমানঃ।
লীলাপাঙ্গৈঃ প্রণতজনতাং নন্দয়ন্শ্চন্দ্রমৌলি-
র্মোহধ্বান্তং হরতু পরমানন্দমূর্তিঃ শিবো নঃ ।। ১

স্বামী ভাস্করানন্দ সরস্বতী কৃত

কৈবল্য কল্পদ্রুম টীকা :

নিষ্কিঞ্চনানাং মন্দানাং স্বারাজ্যপদলব্ধয়ে। ক্রিয়তে ভাস্করানন্দস্বামিনা সরলোঘয়ঃ।

শিবঃ মহাদেবঃ নঃ অস্মাকম্ মোহধ্বান্তম্ অজ্ঞানান্ধকারম্ হরতু নাশয়তু, কীদৃশঃ চন্দ্রমৌলিঃ চন্দ্র মস্তকঃ বস্তুতস্তু পরমানন্দমূর্তিঃ নিরতিশয়ানন্দস্বরূপঃ পর-ব্রহ্ম, পুনঃ অচলতনয়াম্ পর্বতসুতাম্ পার্বতীম্ সস্মিতম্ মন্দহাস সহিতং যথা স্যাত্তথা বীক্ষমানঃ পশ্যন্, কীদৃশীম্ গঙ্গাপূরেণ গঙ্গাপ্রবাহেণ, প্রচলিত জটাভ্যঃ অত্যন্তকম্পিতজটাভ্যঃ স্রস্তঃ অধঃ পতিতঃ ভোগীন্দ্রঃ শেষঃ তস্মাৎ ভীতাম্ চকিতাম্ অতঃ আলিঙ্গন্তীম্ দৃঢ়ং স্বাঙ্কে কৃত্বা শিবাংকে নিমজ্জন্তীম্। পুনঃ প্রণতজনতাম্ কৃত প্রণামাতি নম্রীভূত মুমুক্ষু জনসমূহম্ লীলাপাঙ্গৈঃ সহজপ্রীতিজ-কটাক্ষৈঃ নন্দয়ন্ আনন্দয়ন্ ॥ ১

শ্লোকার্থঃ স্বর্গাগত গঙ্গাপ্রবাহের ধারাকম্পিত শিবের জটাজাল হইতে পতিত সর্পরাজ দর্শনে ভীতা হইয়া (শিবকে) আলিঙ্গনরতা পার্বতীকে

মৃদুহাস্তে যিনি অবলোকন করেন এবং কৃপাদৃষ্টি দ্বারা আশ্রিত ভক্তগণকে যিনি আনন্দ দান করেন, সেই চন্দ্রমস্তক পরমানন্দ স্বরূপ দেবাদিদেব মহাদেব আমাদের মোহান্ধকার নাশ করুন। ১

স্মারং স্মারং জনিমৃতিভয়ং জাতনির্বেদবৃত্তি-
র্ধ্যায়ং ধ্যায়ং পশুপতি মুমাকান্তমন্তর্নিষণ্ণম্।
পায়ং পায়ং সপদি পরমানন্দপীযূষধারাং
ভূয়ো ভূয়ো নিজগুরু পদাম্ভোজযুগ্মং নমামি॥ ২

কৈবল্য কল্পদ্রুম টীকা।

গুরুকৃপয়া লব্ধং ক্রমেণ সূচয়ন্ আশীর্ব্বাদাত্মক মঙ্গলানন্তরং নমস্কারাত্মক মঙ্গলমাচরতি। স্মারমিতি—নিজগুরুপদাম্ভোজযুগ্মম্ স্বগুরুচরণকমলদ্বয়ম্ ভূয়োভূয়ঃ পুনঃ পুনঃ অহম্ নমামি নমস্করোমি। কিং কৃত্বা জনিমৃতিভয়ং জন্ম-মরণভয়ম্ স্মারংস্মারম্ পুনঃ পুনঃ স্মৃত্বা জাতনির্ব্বেদবৃত্তিঃ উৎপন্নঃবৈরাগ্যহেতুভূত বিষয়দোষদর্শনবৃত্তিকঃ সন্ অন্তর্নিষণ্ণম্ হৃদয়ে উপবিষ্টম্ উমাকান্তম্ উমাপ্রিয়ম্ পশুপতিম্ শিবম্ ধ্যায়ম্ ধ্যায়ম্ পুনঃ পুনঃ ধ্যাত্বা অনন্তরম্ সপদি শীঘ্রম্ পরমা-নন্দরূপপীযূষ ধারাম্ অমৃতধারাম্ পায়ম্ পায়ম্ পুনঃ পুনঃ পীত্বা॥ ২

শ্লোকার্থঃ পুনঃ পুনঃ জন্ম ও মৃত্যু ভয় স্মরণপূর্ব্বক, বিষয় দোষ দর্শনে বৈরাগ্যবান্ হইয়া, হৃদয়ে উপবিষ্ট উমাকান্ত শিবকে নিরন্তর ধ্যান করি। অনন্তর পরমানন্দরূপ অমৃত পুনঃ পুনঃ পান করিয়া, স্বীয় গুরুর পাদপদ্মদ্বয় বারবার প্রণাম করি।২

নতিমিষেণ বস্তুনির্দেশাত্মকমঙ্গলমাচরতি, যস্মাদিতি—
যস্মাদ্বিশ্বমুদেতি যত্র নিবসত্যন্তেযদপ্যেতি যৎ
সত্যজ্ঞান সুখস্বরূপমবধিদ্বৈত প্রণাশোজ্ঝিতম্।
যজ্জাগ্রৎস্বপন প্রসুপ্তিষু বিভাত্যেকং বিশোকংপরং
প্রত্যগ্ ব্রহ্মতদস্মি যস্য কৃপয়া তং দেশিকেন্দ্রং ভজে॥ ৩

কৈবল্য কল্পদ্রুম টীকা ঃ

যস্য কৃপয়া তৎ প্রত্যগ্ ব্রহ্ম সর্ব্বানুগতং ব্রহ্ম অহম্ অস্মি তম্ দেশিকেন্দ্রম্ সর্ব্বগুরুশ্রেষ্ঠম্ জ্ঞানপ্রদগুরুম্ অহং ভজে সেবে, তৎ কীদৃশম্ যস্মাৎ বিশ্বম্ জগৎ উদেতি আবির্ভবতি যত্র যস্মিন্ অধিষ্ঠানে নিবসতি অন্তে তিরোভাবসময়ে যৎ অপ্যেতি যদ্রূপং ভবতি, পুনঃ যৎ সত্যজ্ঞান সুখস্বরূপম্ পুনঃ অবধিদ্বৈত প্রণাশোজ্ঝিতম্ ক্রমেণ দেশবস্তুকালকৃতপরিচ্ছেদশূন্যম্ অথবা পরিচ্ছেদ-প্রপঞ্চ বিনাশশূন্যম্ পুনঃ যৎ জাগ্রৎস্বপনপ্রসুপ্তিষু অবস্থাসু বিভাতি ন ব্যভিচরতীতি ভাবঃ। পুনঃ একম্ নত্ববস্থাভেদেন ভিন্নম্ বিশোকম্ শোকশূন্যম্ আনন্দস্বরূপম্ পরম্ অবস্থাত্রয়সংবন্ধরহিতম্ ॥ ৩

শ্লোকার্থ ঃ স্তুতিমুখে গ্রন্থের প্রতিপাদ্য বিষয় নির্দ্দেশপূর্ব্বক মঙ্গলাচরণ করিয়া বলিতেছেন।—

যাহা হইতে এই বিশ্ব আবির্ভূত হয়, যে অধিষ্ঠানে অবস্থিতি করে এবং প্রলয়কালে যাহাতে লীন হয়, এই জ্ঞান ; পুনরায় যাহা সত্য, জ্ঞান ও সুখ স্বরূপ এবং দেশ, বস্তু ও কালকৃত পরিচ্ছেদশূন্য ; যাহা জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তি অবস্থা ত্রয়ে অভেদরূপে প্রকাশ পাইয়া থাকে ; আমিই সেই অদ্বিতীয়, শোকরহিত, শ্রেষ্ঠ ও সর্ব্বানুগত পরব্রহ্মস্বরূপ, এই জ্ঞান যাঁহার কৃপায় লাভ করিয়াছি, সেই জ্ঞানপ্রদ গুরুবরকে আমি স্মরণ করি ।৩ (১ টিপ্পণী দ্রষ্টব্য)

অধিকারিণং বদন্ কর্ত্তব্যপ্রতিজ্ঞাং করোতি।

> **অধীতে জ্যাদান-ব্রতজপ-সমাধান নিয়মৈ-**
> **র্বিশুদ্ধস্বান্তানাং জগদিদমসারং বিমৃশতাম্।**
> **অরাগদ্বেষাণাম্ ভয় চরিতানাং হিতমিদং**
> **মুমুক্ষূণাং হৃদ্যং কিমপি নিগদামঃ সুমধুরম্ ॥ ৪**

কৈবল্য কল্পদ্রুম টীকা ঃ

সুমধুরং সুতরাং শ্রবণসুখদম্ হৃদ্যম্ মনসঃ সুখদম্ হিতম্ উপকারকম্ কিমপি

ইদম্ গোপ্যশ্রুতিতাৎপর্য্যরূপ প্রকরণম্ বয়ম্ নিগদামঃ কথয়ামঃ কেষাম্ হৃদ্যং হিতং চ অধীতেজ্যাদানব্রতজপসমাধান নিয়মৈঃ অধ্যয়নযজ্ঞদানব্রত জপোপাসনেন্দ্রিয়নিগ্রহৈঃ বিশুদ্ধস্বান্তানাম্ নির্মলান্তঃকরণানাম্ পুনঃ ইদং জগৎ অসারম্ সত্যতাশূন্যম্ বিমৃশতাম্ নিশ্চিন্বতাম্ পুনঃ অরাগদ্বেষাণাম্ ভোগেচ্ছা-পরনিষ্ট চিন্তনরহিতানাম্ পুনঃ অভয়চরিতানাম্ প্রাণিভয়াজনকচেষ্টাবতাম্ পুনঃ মুমুক্ষূণাম্ মুক্তিমিচ্ছতাম্ ॥ ৪

শ্লোকার্থঃ যাঁহাদের জন্য এই গ্রন্থ রচিত সেই অধিকারী (যোগ্য) ব্যক্তিগণ সম্বন্ধে বলিতেছেন, যাঁহারা অধ্যয়ন, যজ্ঞ, দান, ব্রত, জপ, উপাসনা ও ইন্দ্রিয়-সংযম দ্বারা বিশুদ্ধচিত্ত হইয়াছেন, এবং এই পরিদৃশ্যমান জগৎ অনিত্য এইরূপ বিচারকারী, পুনঃ যাঁহারা ভোগেচ্ছা ও অন্যের অশুভ চিন্তাশূন্য এবং সকলকে অভয় প্রদান যাঁহাদের ব্রত, সেই মুক্তিকামী ব্যক্তিগণের উপকারক, শ্রবণ মধুর, চিত্তের সুখদায়ক ও শ্রুতিতাৎ-পর্য্যপূর্ণ এই প্রকরণ গ্রন্থ আমি রচনা করিতেছি।৪ (২ টিপ্পনী দ্রষ্টব্য)

অথ সকলবেদান্তপ্রবৃত্তিমূলভূতাধ্যাসে পরম্পরয়া শ্রুতিং প্রমাণয়তি, জ্ঞাত্বেতি—

জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানি-
র্নাহন্যঃ পন্থাশ্চেতি ভূয়ো বচোভিঃ।
জ্ঞপ্তেঃ স্সাক্ষান্মুক্তিহেতুত্ব সিদ্ধা-
বধ্যাসত্বং বন্ধনস্যার্থসিদ্ধম্ ॥ ৫

কৈবল্য কল্পদ্রুম টীকা ঃ

বন্ধনস্য দুঃখহেতুত্বাদ্বন্ধনরূপস্য জগতঃ অধ্যাসত্বম্ শুক্তিরজতাদিবৎ-আরোপিতত্বম্ অর্থসিদ্ধম্ অর্থাৎসিদ্ধম্ কস্মাম্ অত্র এবং বিধামুক্তশ্রুতিস্মৃতি-বাক্যসংগ্রহার্থঃ চকারস্তথা চ প্রকাশং চৈতন্যম্ জ্ঞাত্বা অভেদেন সাক্ষাৎকৃত্য সর্ব্ববন্ধবিনাশঃ ভবতি তথা অন্যঃ জ্ঞানান্মুক্তিপ্রাপ্তি সাধনরূপমার্গঃ ন বিদ্যতে

ইত্যর্থক জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ নান্যঃ পন্থাশ্চ ইতি ভূয়োবচোভিঃ বহুবাক্যৈঃ জপ্তেঃ আত্মজ্ঞানস্য সাক্ষাৎ ব্যবধানং বিনা মুক্তিহেতুত্বসিদ্ধৌ বন্ধনিবৃত্তিকারণতাসিদ্ধৌ সত্যাম্ লোকে অধ্যস্তান্যস্য জ্ঞাননিবর্ত্যত্বাদৃষ্টেরিতি-ভাবঃ ॥ ৫

শ্লোকার্থ: এক্ষণে আত্যন্তিক দুঃখনিবৃত্তি ও পরমানন্দ প্রাপ্তি এবং সংসারবন্ধন হইতে মুক্তির উপায় সম্বন্ধে শ্রুতির প্রমাণ দিতেছেন।

ব্রহ্মকে আত্মস্বরূপে সাক্ষাৎকার দ্বারাই সকল সংসারবন্ধন নাশপ্রাপ্ত হয়। ব্রহ্মাত্মৈক্যজ্ঞান ব্যতীত মুক্তির অন্য কোন পন্থা নাই। এই বিষয়ে শ্বেতাশ্বতর উপনিষদের শ্লোকে (১।১১, ৩।৮) ব্রহ্মাত্মৈক্য জ্ঞানই যে মুক্তির সাক্ষাৎ কারণ তাহাই প্রতিপন্ন হয় এবং শুক্তিতে রজত, রজ্জুতে সর্প বা মরুভূমে জলভ্রমের ন্যায় বন্ধনরূপ জগতের অধ্যাসত্ব (মিথ্যাত্ব) শ্রুতি-স্মৃতিবাক্যসমূহ হইতে প্রমাণিত হয়।৫ (৩ টিপ্পণী দ্রষ্টব্য)

নন্থ লোকে ভেদনপ্রহারাদি ক্রিয়য়া ভাবপদার্থানাং নাশদর্শনাৎ কর্মণো মুক্তিসাধনতোপপাদকশ্রুতিস্মৃতিদর্শনাচ্চ ভোগাবহপুণ্যকর্মণাপি বন্ধনাশে নাহনন্তরোক্তং সেৎস্যতীত্যত আহ।

সত্যং ভাবং ন বিত্তির্ব্যপনুদতি যতঃ কর্মনাশ্যো ঘটাদি
মিথ্যাভূতং চ কর্ম ক্ষপয়তি ন তথা বিত্তিঘাত্যং যতস্তৎ।
ইত্থং সিদ্ধে বিভাগে শ্রুতি শিখর গিরা বিত্তিঘাত্যঃ প্রতীতো
বন্ধো মিথ্যেতি সিদ্ধে ন তদপহৃতয়ে কর্মজাতং সমর্থম্ ॥ ৬

কৈবল্য কল্পদ্রুম টীকা:

লোকে ঘটাদিভাবপদার্থঃ কর্মনাশ্যঃ অহারাদিক্রিয়াবিনাশ্যঃ প্রসিদ্ধঃ যতঃ অতঃ বিত্তিঃ জ্ঞানম্ সত্যম্ অনারোপিতম্ ভাবম্ ভাবপদার্থম্ ন ব্যপনুদতি ন নাশয়তি তথা কর্ম ক্রিয়া মিথ্যাভূতম্ আরোপিতং শুক্তিরজতাদি ন ক্ষপয়তি

ন নাশয়তি যতঃ লোকে তৎ মিথ্যাভূতং বস্তু বিত্তিঘাত্যম্ অধিষ্ঠান জ্ঞাননাশ্যম্ প্রসিদ্ধম্ ইত্থম্ অমুনা প্রকারেণ বিভাগে বস্তুস্বভাবভেদে সিদ্ধে সতি শ্রুতি-শিখরগিরা বেদান্ত বাক্যেন বিত্তিঘাত্যঃ জ্ঞানবিনাশ্যঃ সন্ প্রতীতঃ নিশ্চিতঃ বন্ধঃ মিথ্যা ইতিসিদ্ধে তদপহৃতয়ে বন্ধবিনাশায় কর্মজাতম্ অগ্নিহোত্রাদি পুণ্য-কর্মসমূহঃ ন সমর্থম্ নিজস্বভাবাদিতিভাবঃ ॥ ৬

শ্লোকার্থঃ এক্ষণে কেবলমাত্র বেদান্ত বাক্যের জ্ঞানই যে সংসার বন্ধন নিবৃত্তির উপায়, কিন্তু কর্ম নহে, তাহাই প্রদর্শন করিতেছেন। জগতে সাধারণতঃ ঘটপটাদি ভাবপদার্থসমূহ ভেদন প্রহরাদি ক্রিয়া দ্বারা বিনষ্ট হইতে পরিদৃষ্ট হয়। সুতরাং জ্ঞান অনারোপিত ভাবপদার্থকে বিনাশ করিতে পারে না। আবার কোনও প্রকার ক্রিয়া শুক্তিতে রজতাদিবৎ আরোপিত মিথ্যা বস্তুকে নাশ করিতে অক্ষম। কারণ সেই আরোপিত মিথ্যাবস্তুকে কেবলমাত্র অধিষ্ঠান জ্ঞান দ্বারা নাশ করা যায়। এই প্রকারে ভাব (অনারোপিত সদ্বস্তু) ও অভাব (আরোপিত মিথ্যা) পদার্থের স্বভাবভেদ সিদ্ধ হওয়ায়, কেবলমাত্র বেদান্ত বাক্যজনিত জ্ঞানদ্বারাই মিথ্যাভূত সংসার বন্ধনের নিবৃত্তি হওয়া সম্ভব। সংসার বন্ধন নিবৃত্তির জন্য অগ্নিহোত্রাদি যজ্ঞকর্মসমূহও সমর্থ নহে। ৬

নম্বেবমপি অজ্ঞানবিরোধিজ্ঞানস্য অবিরোধিজগদ্বন্ধনিবর্তকত্বং কথমিত্যা-শংকামপহ্নুদন্ জ্ঞানোপায়ে প্রবর্তয়তি, আবিদ্য ইতি—

আবিদ্যো হ্যেব বন্ধো বিরমতি ন বিনা বেদনং কর্মজালৈঃ
মালোদ্ভূতোঽহিরস্তং ব্রজতি কিমু নমস্কারমন্ত্রৌষধাদ্যৈঃ।
এবং নিশ্চিত্য নাগত্বচমিব বিধিনা কর্মবন্ধং বিধূয়
জ্ঞানোপায়ে গুরুশ্রীচরণমভিগতঃ সেবমানো যতেত ॥ ৭

কৈবল্য কল্পদ্রুম টীকা ঃ

গুরোঃ তত্ত্বনিষ্ঠস্য গুরোঃ শ্রীচরণম্ অভিগতঃ সংমুখংগতঃ সন্ সেবমানঃ

জ্ঞানোপায়ে শ্রবণাদৌ যতেত যত্নং কুর্য্যাৎ কিং কৃত্বা এবং উক্ত প্রকারেণ নিশ্চিত্য নিশ্চয়ং কৃত্বা বিধিনা শাস্ত্রোক্তপ্রকারেণ কর্মবন্ধম্ কর্মবন্ধনম্ বিধূয় সম্যক্ ত্যক্ত্বা কঃ কিমিব নাগঃ সর্পঃ ত্বচম্ জীর্ণকঞ্চুকম্ ইব এবমকথম্ মালোদ্ভূতঃ মালায়াং কল্পিতঃ অহিঃ সর্পঃ নমস্কারমন্ত্রৌষধাদ্যৈঃ উপায়ৈঃ অস্তম্ নাশম্ কিমু ব্রজতি কিন্তু ন ব্রজতি, তদ্বৎ এষ বন্ধঃ বেদনম্ অধিষ্ঠানজ্ঞানম্ বিনা কর্মজালৈঃ কর্মসমূহৈঃ ন বিরমতি ন নশ্যতি, কুতঃ হি যতঃ আবিদ্যঃ অবিদ্যোদ্ভূতঃ অজ্ঞানমূলক ইতি যাবৎ শ্রুত্যাদ্যুক্তজ্ঞান নিবর্ত্যত্বোক্ত্যন্যথানুপপত্ত্যাঽজ্ঞানকার্য্যবন্ধোঽজ্ঞানমেবেতি ভাবঃ ॥ ৭

শ্লোকার্থঃ এক্ষণে মিথ্যাভূত অজ্ঞানমূলক সংসারবন্ধন হইতে নিবৃত্তির উপায়-স্বরূপ বেদান্তবাক্যে জ্ঞান লাভ কিরূপে সম্ভব, তাহাই প্রদর্শিত হইতেছে। অজ্ঞানজাত এই সংসার-বন্ধন, জগৎ প্রপঞ্চের অধিষ্ঠান ব্রহ্মের জ্ঞান ব্যতীত কর্মসমূহ দ্বারা কখনও নিবৃত্ত হয় না। পুষ্পমাল্যে কল্পিত সর্প কি প্রণাম, মন্ত্রোচ্চারণ ও ঔষধপ্রয়োগাদি দ্বারা কদাপি বিনষ্ট হয়? (অর্থাৎ হয় না।) ইহা নিশ্চিত জানিয়া সর্প যেমন জীর্ণ কঞ্চুক (শুষ্ক খোলস্) ত্যাগ করে, সেইরূপ শাস্ত্রবিধি অনুসারে সম্যক্‌রূপে কর্মবন্ধন পরিত্যাগপূর্বক তত্ত্বজ্ঞ শ্রীগুরুর চরণাশ্রিত ও সেবারত হইয়া সাধক সদা শ্রবণাদি দ্বারা জ্ঞানলাভের উপায়ে যত্নশীল হইবে ॥ ৭ (৪ টিপ্পণী দ্রষ্টব্য)

অথ মুক্তিসাধনে মতান্তরাণ্যনূদ্য দূষয়তি, কেচিদিতি—

কেচিৎ কর্মৈব কাম্যোজ্ঝিতমুদিতপদপ্রাপ্ত্যুপায়ং প্রতীতা
স্তচ্চোপাস্তিং চ মুক্তৌ মিলিতমথপরে সাধনং সংগিরন্তে।
অন্যে তু জ্ঞানকর্মোভয়মিতিমতিভিঃ স্বাভিরূহ্যপ্রেক্ষমাণা
জ্ঞানাদেবেতি বাক্যাদ্বয়মিহসহসা নানুমন্যামহে তান্ ॥ ৮

কৈবল্য কল্পদ্রুম টীকা :

কেচিৎ ভাট্টৈকদেশিনঃ প্রাভাকরাশ্চ কাম্যোজ্ঝিতম্ কর্মৈব ফলেচ্ছাং বিনা

কৃতনিত্যনৈমিত্তিক কর্মৈব উদিতপদপ্রাপ্ত্যপায়ম্ কথিত মুক্তিপ্রাপ্তি সাধনম্ প্রতীতাঃ নিশ্চিতবন্তঃ অথপরে ভর্তৃপ্রপঞ্চভাস্করপ্রভৃতয়ঃ তচ্চোপাস্তিং চ মিলিতম্ কর্ম চ প্রাণাদ্যুপাসনং চ মিলিতং মুক্তৌ সাধনং সংগিরন্তে প্রবদন্তি অন্যে তু উক্তৈক দেশিনস্তু জ্ঞানকর্মোভয়ম্ মুক্তৌ সাধনম্ ইতি সংগিরন্তে, এতে আচার্য্যা যতঃ স্বাভিরেব মতিভিঃ বেদার্থম্ উৎপ্রেক্ষমাণাঃ কল্পয়ন্তে ন তু তত্ত্বজ্ঞপ্রদর্শিত পথেন অতঃ জ্ঞানাদেবতুকৈবল্যমিত্যাদিবাক্যাৎ হেতোঃ ইহ মুক্তি সাধন বিচারে বয়ম্ তান্ পক্ষান্ সহসা ন অনুমন্যামহে নাঙ্গীকুর্মঃ জ্ঞানসাধনতয়া তু মোক্ষ সাধনতাং কর্মণোঽনুমন্যামহ এবেতিভাবঃ ॥ ৮

শ্লোকার্থঃ এক্ষণে মুক্তির সাধন বিষয়ে বিভিন্ন মতসমূহের উল্লেখপূর্বক তাহাদের নিরসন করিতেছেন। ভাট্টগণ (কুমারিল ভট্টের মতাবলম্বিগণ) ও প্রাভাকরগণ ফলাকাঙ্ক্ষা ব্যতীত অনুষ্ঠিত নিত্য ও নৈমিত্তিক কর্মকে মুক্তিলাভের সাধনরূপে স্বীকার করেন। ভর্তৃপ্রপঞ্চ ও ভাস্কর প্রভৃতি মতাবলম্বিগণ প্রাণাদির উপাসনা ও কর্মের মিলিত অনুষ্ঠানকে মুক্তির সাধন বলিয়া অঙ্গীকার করেন। উক্ত ভাট্টগণের একাংশের মতে আবার উভয়ই অর্থাৎ জ্ঞান ও কর্মই মুক্তির সাধন। এইসকল আচার্য্যগণ তত্ত্বজ্ঞপ্রদর্শিত পথ ত্যাগ করিয়া নিজ নিজ মতানুযায়ী বেদার্থ কল্পনা করেন। অতএব জ্ঞানই মুক্তিলাভের উপায়স্বরূপ এই শ্রুতি বাক্য বলে মুক্তির সাধন বিচারে আমরা সহসা তাঁহাদের পক্ষ সমর্থন করি না। ৮

অথ বাক্যান্নিত্যনৈমিত্তিক কর্মণোঃ ফলান্তর হেতুত্বেপি ন জ্ঞান হেতুতেতিবদতি, পৈত্র ইতি—

> পৈত্রোলোকোঽধিগম্যঃ ক্রতুভিরধিগতো বিদ্যয়া দেবলোকো
> যদ্বা চেতঃ কষায়ক্ষপণমিহ তয়োঃ স্মার্তমেবাস্তুসাধ্যম্।
> যজ্ঞেনেত্যাদিবাক্যাত্তবতু বিবিদিষা বেদনং তৎফলং বা
